১৮—তৃফ, ঐ ঐ ঐ তৃফতি।

১৫—তৃপ, দিবা—প, তর্পণ করা, সক ; তৃপ্যতি পিতৄন্ পুত্রঃ।

১৭—তৃপ, স্বা—প, ঐ ঐ তৃপ্নোতি।

২৩—তৃপ, চু—প, ঐ ঐ তর্পয়তি।

১৫—তৃষ (ঞি) দিবা—প, জলপানের ইচ্ছা সক ; তৃষ্যতি
চাতকো মেঘাম্বু।

১৮—তৃহ, (উ) তু—প, (বেট্) হিংসা, সক, তৃহতি।

১৯—তৃহ, রুধা—প, হিংসা, সক ; তৃণেঢ়ি।

৫—তৃক্ষ, ভ্বা—প, গতি অক; তৃক্ষতি। [তরতি।
৬—তৃ, ভ্বা—প, ১ জলের উপর ভাসা, অক. ২ উত্তরণ, সক;
৮—তেপ (ঋ) ভ্বা,—'আ, ১ কম্প, ২ ক্ষরণ, অক; তেপতে।
৮—তেব (ঋ) ভ্বা—প, ক্রীড়া, অক; তেবতে।
৪—তোড়্ (ঋ) ভ্বা—প, তাড়না করা, সক; তোড়তি।
৬—ত্যজ, ভ্বা—প, ত্যাগ করা, (অনিট্) সক; ত্যজতি।
৭—ত্রক্ষ (ই) ভ্বা—আ, গতি, অক, ত্রক্ষতে।
১—ত্রন্দ (ই) ভ্বা—প, চেষ্টা, অক, ত্রন্দতি সুখায় লোকঃ।
২৪—ত্রন্স (ই) চু—প, কথা বলা, অক; ত্রংসয়তি।
৮—ত্রপ (উ,ষ) ভ্বা—আ,(বেট্)লজ্জিত হওয়া, অক, ত্রপতে বধূঃ।
১৪—ত্রস (ঈ) দিবা—প, ত্রাসিত হওয়া, অক, ত্রস্যতি জনঃ।
২৭—ত্রস, চু—প, দূর করিয়া দেওয়া, সক; ত্রাসয়তি মৃগান্ ব্যাধঃ।
৪—ৎসর, ভ্বা—প, গুপ্তবেশে গমন,অক. ৎসরতি খলঃ ব্যাজেন।
১৯—ত্রুট, তুদা—প, ছিঁড়িয়া যাওয়া, অক, ত্রুটতি [ত্রুট্যতি] বন্ধনম্।
৩—ত্রুন্প, ভ্বা—প, হিংসা, সক; ত্রুম্পতি।
৩—ত্রুন্ফ, ভ্বা—প, ঐ ঐ ত্রুম্ফতি।
৩—ত্রুপ, ঐ ঐ ঐ ত্রুপতি।
৩—ত্রুফ, ঐ ঐ ঐ ত্রুফতি [সাধুং বিষ্ণুঃ।
৯—ত্রৈ (ঙ) ভ্বা—আ, (অনিট্) পরিত্রাণ করা, সক; ত্রায়তে
৭—ত্রৌক (ঋ) ভ্বা—আ, গতি, অক; ত্রৌকতে।
২—ত্বগ (ই) ভ্বা—প, কাঁপা, অক; ত্বঙ্গতি।
১৮—ত্বচ, ভ্বা—প, আচ্ছাদন, সক; ত্বচতি গাত্রং বস্ত্রেণ বালা।
২—ত্বন্চ (উ) ভ্বা—প, (বেট্) ভর্ৎসনা করা, সক; ত্বঞ্চতি।
১০—ত্বর (ঞি, আ) ভ্বা,—আ, [নিষ্ঠায়াং বেট্] বেগ, অক; ত্বরতে বাতঃ।

৫—ত্বঙ্ক (উ) ভ্বা—প, (বেট্) অঙ্গীকরণ, সক; ত্বঙ্কতি।
১২—ত্বিষ, ভ্বা—উ, (অনিট্) দীপ্তি, অক; ত্বেষতি, ত্বেষতে।

[থ]

১২—থুড়, তুদা—প, আচ্ছাদন করা, সক; থুড়তি।
৫—থুর্ব্ব (উ) ভ্বা—প, হিংসা, সক; থুর্ব্বতি।

[দ]

২—দক্ষ (ই) ভ্বা—প, ১ পালন, ২ বর্জ্জন, সক; দক্ষতি।
২৫—দণ্ড, চু—প, দণ্ড করা, সক; দণ্ডয়তি রাজা অপরাধিনম্।
৬—দদ, ভ্বা—আ, দান করা, সক; দাতা দদতে ধনং দরিদ্রায়।
৬—দধ, ভ্বা—আ, ধারণ করা, সক; দধতে।
১৭—দন্ভ (উ) স্বা—প, ছল করা, অক; দভ্নোতি দাম্ভিকঃ।
৬—দন্শ, ভ্বা—প, (অনিট্) দন্তাঘাত করা, সক, দশতি শিশু-
জননীস্তনম্। [লোকম্।
২৩—দন্শ (ই) চু—আ, দংশন করা, সক; অহির্দংশয়তে
২৩—দন্স (ই) চু—আ, দেখা, সক; দংসয়তে প্রিয়ঃ প্রিয়ম্।
১৫—দম (উ) দিবা—প, উপশম হওয়া, অক; দাম্যতি।
৮—দয়, ভ্বা—আ, ১ দান করা, ২ হিংসা, ৩ গতি, সক,
দয়তে। [দীনঃ।
১৩—দরিদ্রা, অদা—প, দুর্গতি প্রাপ্ত হওয়া, অক; দরিদ্রাতি।
৪—দল (ঞি) ভ্বা—প, বিদারণ করা, সক; দলতি হৃদয়ং বিট্।
২৪—দল, চু—প, বিদারণ করা, সক; দালয়তি।
১৫—দস (উ) দিবা—প, ক্ষয় হওয়া; অক; আয়ুর্দস্যতি।

৫—দহ, ভ্বা—প, (অনিট্) ভস্ম করা, সক, দহতি দেহমগ্নিঃ।

৯—দক্ষ, ভ্বা—আ, ১ বৃদ্ধি, অক; ২ সত্বর করা, সক; দক্ষতে।

১১—দক্ষ, ভ্বা—আ, ১ হিংসা, ২ দান, ৩ গতি, সক, দক্ষতে।

১৪—দা (ডু ঞ) [হ্বাদি] অদা—উ, (অনিট্) দান করা, সক; দদাতি দত্তে বা ধনং দরিদ্রায়।

৬—দা (ণ) ভ্বা—প, (অনিট্) দান করা, সক, যচ্ছতি ধনং দরিদ্রায়।

১২—দান, ভ্বা—উ, খণ্ডন করা, সক, দীদাংসতি দীদাংসতে বা বংশং লোকঃ।

১৩—দা (প) অদা—প, (অনিট্) ছেদন করা, সক. দাতি ধান্যং দাত্রেণ।

১২—দাশ (ঋ) ভ্বা—উ, দান, সক; দাশতি, দাশতে।

১৭—দাস, স্বা—প, হননেচ্ছা, সক; দাস্নোতি।

১২—দাস (ঋ) ভ্বা—উ, দান, সক; দাসতি, দাসতে।

৫—দিন্ব (ই) ভ্বা—প, তৃপ্ত, সক, দিন্বতি।

১৪—দিব (উ) দিবা—প, ১ ক্রীড়া, ২ কান্তি, ৩ গতি, ৪ দীপ্তি, অক; ৫ জয় করার ইচ্ছা, ৬ ক্রয়বিক্রয়, ৭ স্তব করা, সক; দীব্যতি।

২৫—দিব (উ) চু—আ, দুঃখ পাওয়া, অক; দেবয়তে দীনঃ।

২৩—দিব (উ) চু—প, পীড়া দেওয়া, সক, দেবয়তি।

১৫—দিশ, তুদা—উ, (অনিট্) আজ্ঞা করা, সক; দিশতি, দিশতে বা ভৃত্যং রাজা।

১৫—দিহ, অদা—উ, (অনিট্) বৃদ্ধি হওয়া, অক; দেগ্ধি, দিগ্ধে দেহঃ।

১৬—দী (ঙ) দিবা—আ, অনিট্ ক্ষয়, অক; দীয়তে দেহঃ।

১৪—দীধী (ঙ) অদা—আ, ১ দীপ্তি, ২ ক্রীড়া, অক; দীধীতে।

১৬—দীপ (ঈ) দিবা—আ, শোভা, অক ; দীপ্যতে।
৯—দীক্ষ, ভ্বা—আ, ১ মুণ্ডিত হওয়া, ২ সংযত হওয়া, অক ;
৩ উপনীত করা, ৪ যজ্ঞ করা, ৫ আদেশ করা, সক ; দীক্ষতে।
৬—দু, ভ্বা—প, (অনিট্) গতি, সক ; দবতি।
১৭—দু, (টু) স্বা—প, (অনিট্) অনুতপ্ত হওয়া, অক ; দুনোতি
দুঃখস্য চেতঃ।
২৫—দুঃখ, চু—প, দুঃখিত হওয়া, অক ; দুঃখয়তি দরিদ্রঃ।
৫—দুর্ব্ব (ঈ) ভ্বা—প, হিংসা করা, সক ; দুর্ব্বতি।
২২—দুল, চু—প, উপরে ক্ষেপণ করা, সক; দোলয়তি ধূলিং বাতঃ।
১৫—দুষ, দিবা—প, (অনিট্) বিকৃত হওয়া, অক ; দুষ্যতি।
৬—দুহ (ইর্) ভ্বা—প, পীড়া দেওয়া, সক ; দোহতি।
১৫—দুহ, অদা—উ, (অনিট্) দোহন করা, সক ; গোপালকো
গাং দোগ্ধি পয়ঃ।
১৫—দূ (ঙ) দিবা—আ, অনুতপ্ত হওয়া, সক ; দূয়তে।
১৯—দৃ, তুদা—আ, (অনিট্) আদর করা, সক ; আদ্রিয়তে
সাধুং জনঃ।
১৮—দৃন্ফ, তু—প, ক্লেশ দেওয়া, সক ; দৃম্ফতি পাপিনং যমঃ।
১৫—দৃপ, দিবা—প, (বেট্) ১ হৃষ্ট, অক; ২ মোচন, সক ; দৃপ্যতি।
১৮—দৃফ, তু—প, দুঃখ দেওয়া, সক ; দৃফতি।
১৮—দৃভ (ঈ) তু—প, গ্রন্থি দেওয়া, সক ; দৃভতি দর্ভগ্রন্থিক্।
১৬—দৃভ (ঈ) চু—প, ভয়, অক ; দর্ভয়তি, দর্ভতি।
২৬—দৃভ, চু (ভ্বা)—প, সন্দর্ভ, অক ; দর্ভয়তি, দর্ভতি।
৫—দৃশ, (ইর্) ভ্বা—প, (অনিট্), দেখা, সক; পশ্যতি চন্দ্রং বালঃ।
৫—দৃন্হ (ই) ভ্বা—প, বৃদ্ধি হওয়া, অক ; দৃংহতি ব্রীহিঃ।
২০—দৄ, ভ্বা—প, ভয়, অক ; দরতি।

২০—দৄ, ক্র্যা—প, বিদীর্ণ করা, সক ; দৃণাতি।

১—দে (ঙ) ভ্বা—আ, (অনিট্) পালন করা, সক, দয়তে।

৮—দেব (ঋ) ভ্বা—আ, ক্রীড়া, অক ; দেবতে। [ঋত্বিক্।

৬—দৈ (প) ভ্বা—প, অনিট্, শুদ্ধ করা, সক ; দায়তি বেদীম্

১৫—দো, দিবা—প, (অনিট্) ছেদন করা, সক ; দ্যতি শত্রুমস্তকং রাজা।

১৩—দ্যু, অদা—প, (অনিট্) সম্মুখে গমন, সক ; ভেকমন্তি দ্যৌতি সর্পঃ।

৬—দ্যৈ, ভ্বা—প, (অনিট্) তিরস্কার করা, সক ; দ্যায়তি দুষ্টং।

৯—দ্যুত, ভ্বা—আ, দীপ্তি, অক ; দ্যোততে।

৫—দ্রম, ভ্বা—প, গতি, সক ; দ্রমতি।

১৩—দ্রা, অদা—প, (অনিট্) ১ কুৎসিত কার্য্য, ২ পলায়ন, অক ; দ্রাতি চৌরঃ।

২—দ্রাখ (ঋ) ভ্বা—প, ১ শুষ্ক হইয়া যাওয়া, ২ ব্যর্থ হওয়া, বা সমর্থ হওয়া, অক ; দ্রাখতি।

৭—দ্রাঘ (ঋ) ভ্বা—আ, ঘর্ম্মাক্ত কলেবর হওয়া, অক ; দ্রাঘতে বপুঃ।

৫—দ্রাক্ষ (ই) ভ্বা—প, ১ তির্য্যগ্‌যোনির ভৈরব রব, অক ; ২ আকাঙ্ক্ষা, সক ; দ্রাঙ্ক্ষতি।

৮—দ্রাড় (ঋ) ভ্বা—আ, বিভক্ত করা, সক ; দ্রাড়তে ফলং বৃক্ষাৎ।

৯—দ্রাহ (ঋ) ভ্বা—আ, জাগরিত হওয়া, অক ; দ্রাহতে।

৬—দ্রু, ভ্বা—প, (অনিট্) ১ গতি, ২ ক্ষরণ অক ; দ্রবতি।

১৭—দ্রু, স্বা—প, মারিতে ইচ্ছা, সক ; দ্রুণোতি।

২৮—দ্রুণ, তু—প, গতি, সক ; দ্রুণতি।

১৫—দ্রুহ, দিবা—প, বেট্, মারিতে ইচ্ছা, সক ; দ্রুহ্যতি।

২০—দ্রূ (ঞ) ক্র্যা—প, হিংসা, সক ; দ্রূণাতি।

৭—ধ্রেক (ঋ) ভ্বা—আ, ১ শব্দ, ২ উৎসাহিত, অক; ধ্রেকতে।
৬—ধ্রৈ, ভ্বা—প, অনিট্, ঘুম যাওয়া, অক; ধ্রায়তি বালঃ।
১৪—ধ্বিষ, অদা—প, অনিট্, নিন্দা, সক; দ্বেষ্টি শত্রূন্ জনঃ।
৬—ধ্বৃ, ভ্বা—প, আচ্ছাদন, সক; ধ্বরতি।

[ধ]

২২—ধক্ক, চু—প, বিনাশ করা, সক; ধক্কয়তি। [ধানাং দরণী।
১৪—ধন, অদা—প, [হ্বাদি] ধান্য উৎপাদন করা, সক; দধন্তি
৪—ধন্ব (ই) ভ্বা—প, গতি, সক; ধন্বতি। [সক; দধাতি, ধত্তে।
১৪—ধা (ডু, ঞ) অদা—উ, [হ্বাদি] অনিট্, ১ ধারণ, ২ পোষণ,
১১—ধাব (উ) ভ্বা—উ, ১ গতি, ২ নির্ম্মল করা, সক; ধাবতি।
১৭—ধি, তু—প, অনিট্, ধারণ করা, সক; ধিয়তি বুদ্ধিং সুধীঃ।
৫—ধিন্ব (ই) ভ্বা—প, তৃপ্ত করা, সক; ধিন্বতি।
১৭—ধিন্ব (ই) স্বা—প, তৃপ্ত করা, সক; ধিনোতি।
১৪—ধিষ, অদা—প, [হ্বাদি] শব্দ, অক; দিধেষ্টি।
৯—ধিক্ষ, ভ্বা—আ, ১ সম্যক্ প্রকারে দীপ্ত হওয়া, ২ বাঁচিয়া থাকা, ৩ কষ্ট পাওয়া, অক; ধিক্ষতে। [সাধুমসাধুঃ।
১৬—ধী (ঙ) দিবা—আ, অনিট্, অবজ্ঞা করা, সক; ধীয়তে—
১৭—ধু (ঞ) স্বা—উ, অনিট্, কাঁপা, অক; ধুনোতি, ধুনুতে।
৫—ধুর্ব্ব (ঈ) ভ্বা—প, হিংসা, সক; ধুর্ব্বতি।
৯—ধুক্ষ, ভ্বা—আ, ১ সম্যক্ প্রকার প্রদীপ্ত, ২ দুঃখিত হওয়া, অক; ৩ জীবন রক্ষা করা, সক; ধুক্ষতে।
২৬—ধু (ঞ) চু (ভ্বা)—উ, কাঁপান, সক; ধাবয়তি-তে, ধবতি-তে
১৯—ধু, তু—প, কাঁপান, সক; ধুবতি পল্লবং বাতঃ।
২০—ধু (ঞ) ক্র্যা—উ, কাঁপান, সক; ধুনাতি, ধুনীতে।

৮(২৪)—ধূপ, ভ্বা (চু)—প, সন্তপ্ত করা, সক ; ধূপা[প] য়তি।
১৬—ধূর (ঈ)দিবা—আ, হিংসা, সক ; ধূর্য্যতে।
২২— ধূস, চু—প, ভূষিত করা, সক, ধূসয়তি। [বৃকাৎ।
৯—ধৃ (ঙ) ভ্বা—আ, অনিট্, পড়িয়া যাওয়া, অক ; ধরতে পত্রঃ
১২—ধৃ (ঞ) ভ্বা—উ, অনিট্, ধারণ করা, সক ; ধরতি, ধরতে।
১৯—ধৃ(ঙ) তু—আ, অনিট্, থাকা, অক ; ধ্রিয়তে।
২—ধৃজ, ভ্বা—প, গতি, সক ; ধর্জ্জতি।
১৭—ধৃষ, (ঞি, আ) স্বাদি—প ; প্রগল্ভতা, অক ; ধৃষ্ণোতি।
২৬—ধৃষ, চু (ভ্বা)—প, অভিভব করা, সক ; ধর্ষয়তি, ধর্ষতি।
৬—ধে (ট্) ভ্বা—প, অনিট্, পান করা, সক, ধয়তি। [করিণী।
৪—ধোর (ঋ) ভ্বা—প, বিশিষ্টরূপে গমন করা, সক ধোরতি
৬—ধ্যৈ, ভ্বা—প, অনিট্, চিন্তা, সক ; ধ্যায়তি বুধো বিধাতরম্।
২—ধ্রজ, ভ্বা—প, গতি, সক ; ধ্রজতি।
২—ধ্রন্জ (ই) ভ্বা—প, গতি, সক ; ধ্রঞ্জতি।
২১—ধ্রন (উ) ক্র্যা—প, উঞ্ছবৃত্তি, অক ; ধ্রন্নাতি।
২৫—ধ্রস (উ)[উৎপূর্ব্বক] চু—প, উঞ্ছবৃত্তি, অক ; ধ্রাসয়তি।
২—ধ্রাখ (ঋ)ভ্বা—প, ১ শুষ্ক হওয়া, অক ; ২ অলঙ্কার, সক ;
ধ্রাখতি। [সক ; ধ্রাঙ্ক্ষতি]
৫—ধ্রাঙ্ক্ষ (ই) ভ্বা—প, ১ পক্ষীর ঘোর রব, অক ; ২ আকাঙ্ক্ষা,
৮—ধ্রাড় (ঋ) ভ্বা—আ, বিভক্ত করা, সক ; ধ্রাড়তে।
৬—ধ্রু, তুদা—প, অনিট্, স্থির হওয়া, অক ; ধ্রুবতি।
১৯—ধ্রু, তুদা—প, অনিট্, স্থির হওয়া, অক ; ধ্রুবতি।
৪—ধ্রেক, (ঋ) ভ্বা—আ, ১ শব্দ, ২ কার্য্যারম্ভে স্থিরতর যত্ন, অক ;
ধ্রেকতে।
৬—ধ্রৈ—ভ্বা—প, অনিট্, তৃপ্ত হওয়া, অক ; ধ্রায়তি ধনেন।

৬—ধ্মা, ভ্বা—প, অনিট্, ১ শব্দ, অক ; অগ্নিসংযোগ করা, সক ; ধমতি কনকং বণিক্।

৫—ধ্বাঙ্ক্ষ (ই) ভ্বা—প, ১ পক্ষীর ঘোর রব,অক ; ২ আকাঙ্ক্ষা, সক ; ধ্বাঙ্ক্ষতি।

২—ধ্বজ, ভ্বা—প, গতি, সক ; ধ্বজতি।

৪—ধ্বন, ভ্বা—প, শব্দ, অক ; ধ্বনতি।

১০—ধ্বন, ভ্বা—প, [ঘটাদি]শব্দ, অক ; ধ্বনয়তি।

১১—ধ্বন, ভ্বা—প, শব্দ, অক ; ধ্বনতি।

২৪—ধ্বন, চু—প, শব্দ, অক ; ধ্বনয়তি। [ধ্বংসতি।

১০—ধ্বন্স্ (উ) ভ্বা—প, ১ গতি, সক ; ২ স্খলিত হওয়া, অক ;

৬—ধ্বৃ, ভ্বা—প, অনিট্, কুটিলতা, অক ; ধ্বরতি।

[ন]

২২—নক্ক, চু—প, নষ্ট করা, সক ; নক্কয়তি।

৫—নট, ভ্বা—প, নৃত্য করা, অক ; নটতি নর্ত্তকঃ।

২১—নট, চু—প, অভিনয়ের অনুকরণ করা, সক , নাটয়তি।

১—নন্দ (টু, ই) ভ্বা—প, সমৃদ্ধ হওয়া, অক ; নন্দতি কুলম্।

১—নর্দ, ভ্বা—প, শব্দ, অক , নর্দ্দতি।

৭—নাথ—(ঋ) ভ্বা—প, ১ উত্তপ্ত করা,২ যাচ্ঞা, সক ; ৩ ঐশ্বর্য্য, অক ; নাথতি। ৪ আশীর্ব্বাদ, সক ; আ, নাথতে।

৭—নাধ (ঋ) ভ্বা—আ, ঐ, নাধতে। [র্ব্বাসনা।

২৪—নিবাস, চু—প, আচ্ছাদন করা, সক ; নিবাসয়তি বপু-

২৩—নিষ্ক, চু—আ, পরিমাণ করা, সক ; নিষ্কয়তে।

১২—নী (ঞ) ভ্বা—উ, প্রাপণ. সক ; নয়তি, নয়তে।

৫—নীব, ভ্বা—প, মোটা হওয়া, অক ; নীবতি

৩—নীল, ভ্বা—প, নীলবর্ণ করা, সক ; নীলতি বস্ত্রং তন্তুবায়ঃ।

১৪—নৃত (ঈ) দিবা—প, নৃত্য করা, অক ; নৃত্যতি নটঃ।

১৯—নৃ, ভ্বা—প, প্রাপণ, সক ; নরয়তি।
২০—নৄ, ক্র্যা—প, ভূষিত করা, সক ; নরঃ নয়নং নৃণাতি।

[প]

৭—পচ, ভ্বা—আ, অনিট্, ব্যক্তীকরণ, সক ; পচতে।
১২—পচ (ডু, য) ভ্বা—উ, অনিট্,পাক করা, সক; পচতি, পচতে বা অন্নং পাচকঃ।
২২—পন্চ (ই) চু—প, বিস্তারপূর্ব্বক রচনা করা, [বিস্তার রচন] সক ; পঞ্চয়তি পুস্তকং পূর্ণানন্দঃ।
৩—পট, ভ্বা—প, গমন করা, সক ; পটতি।
২৪—পট, চু—প, গ্রথিত করা, সক ; পটয়তি ;
২৪—পট, চু—প, বলা, সক ; পাটয়তি, পটতি।
৩—পঠ, ভ্বা—প, স্পষ্টরূপে উচ্চারণ, সক ; পঠতি বেদং বিপ্রঃ।
৮—পণ, ভ্বা—আ, ১ কেনা বেচা করা, ২ স্তুতি করা, পণায়তে।
১১—পত(৯)ভ্বা—প, পড়িয়া যাওয়া, অক ; পততি পত্রং বৃক্ষাৎ।
২৪—পত, চু—প, গতি, সক, পতয়তি।
১১—পথ (এ) ভ্বা—প, গতি, সক ; পথতি।
১৬—পদ, দিবা—আ, অনিট্, ১ গতি, ২ পাওয়া, সক ; পদ্যতে।
২৫—পদ, চু—আ, অনিট্, পাওয়া, সক ; পদয়তে।
৮—পন, ভ্বা—আ, স্তব করা, সক ; পনায়তে।
২১—পন্থ (ই) চু—প, গতি, সক ; পন্থয়তি।
২২—পন্স (ই) চু—প, নষ্ট করা, সক ; পংসয়তি।
৮—পণ্ড (ই) ভ্বা—আ, গতি, সক ; পণ্ডতে।
২৫—পর্ণ, চু—প, হরিতকরণ, সক ; পর্ণয়তি তরূন্ প্রাবৃট্।
৭—পর্দ্দ, ভ্বা—আ, কুৎসিত শব্দ করা, অক, পর্দ্দতে গর্দ্দভঃ।
৩—পর্ব্ব, ভ্বা—প, গতি, সক ; পর্ব্বতি।

৫—পর্ব্ব; ভ্বা—প, পূরণ করা, সক ; পর্ব্বতি।

৮—পয়, ভ্বা—আ, গতি; সক ; পয়তে।

১১—পল, ভ্বা—প, পাওয়া, সক; পলতি।

২২—পল, চু—প, রক্ষা করা, সক, পুত্রঃ পিতুরাদেশং পালয়তি।

২৪—পল্যূল, চু—প, ১ ছেদন করা, ২ পবিত্র করা, সক ; পল্যূলয়তি।

২৫—পশ, চু—প, বন্ধন করা, সক ; পাশয়তি।

১২—পষ [শ], ভ্বা—উ; ১ বাধা দেওয়া, ২ স্পর্শ করা, সক ; পষ [শ] তি, পষ [শ] তে।

২৪—পষ, চু—প, ঐ ঐ সক ; পষয়তি।

২৩—পক্ষ, চু—প, গ্রহণ করা, সক ; পক্ষয়তি।

৬—পা, ভ্বা—প, অনিট্, পান, করা, সক ; পিবতি।

১৫—পা, অদা—প, অনিট্, রক্ষা করা, সক ; পাতি প্রজা নৃপতিঃ।

২৫—পার, চু—প, কার্য্যসম্পন্ন করণ, সক ; পারয়তি ব্রতং লোকঃ।

১৭—পি, তু—প, অনিট্; গতি, সক ; পিয়তি।

২১—পিচ্ছ, চু—প, ছেদন করা, সক ; পিচ্ছয়তি।

২৪—পিন্জ (ই) চু—প, বলা, সক ; পিঞ্জয়তি।

২১—পিন্জ (ই) চু—প, ১ হিংসা, ২ দান, সক , ৩ নিকেতন, অক ; পিঞ্জয়তি।

৩—পিট, ভ্বা—প, ১ শব্দ; অক ; ২ রাশীকরণ, সক ; পেটতি।

৩—পিঠ, ভ্বা—প, ১ হিংসা, ২ ক্লেশ দেওয়া, সক ; পেঠতি।

৭—পিন্ড (ই) ভ্বা—আ, রাশীকরণ; সক ; পিণ্ডতে।

২২—পিন্ড (ই) চু—প, রাশীকরণ, সক ; পিণ্ডয়তি।

৫—পিন্ব (ই) ভ্বা—প, সেচন করা, সক ; পিম্বতি।

২৭—পিল, চু—প, ক্ষেপণ করা, সক ; পেলয়তি।

১৭—পিশ, তুদা—প, অবয়ব, (শরীর) অক ; পিংশতি পেশী।

১৯—পিষ, (৯) রুধা—প, অনিট্, চূর্ণকরা, সক, পিনষ্টি। [ষ্বতি।
২১—পিষ,চু—প,১ হিংসা, ২ দান, সক; ৩ নিকেতন অক; পেষ—
৫—পিস (ঋ) ভ্বা—প, গতি, সক; পেসতি। [পথিকঃ।
১৬—পী (ঙ) অদা—আ, অনিট্, পান করা, সক; পীয়তে পয়ঃ
২১—পীড়, চু—প, পীড়ন করা, সক; যমঃ পাপিনং পীড়য়তি।
৪—পীব, ভ্বা—প, মোটা হওয়া, অক; পীবতি দধ্না বালকঃ।
৪—পীল, ভ্বা—প, জড়ভাব, অক; পীলতি বজ্রাহতঃ।
২৩—পুংস, চু—প, নিপীড়িত করণ, সক; পুংসয়তি দুষ্টং রাজা।
২—পুচ্ছ, ভ্বা—প, ভ্রম, সক; পুচ্ছতি।
১৮—পুট, তু—প, জোড়া লাগান, সক, পটুঃ পুটতি ভগ্নপটম্।
২৪—পুট, চু—প, বলা, সক; পোটয়তি।
২৫ পুট, চু—প, সম্মিলিত করণ; সক; পুটয়তি পুষ্পং সূত্রেণ বালা।
২১—পুট্ট, চু—প, ক্ষুদ্র হইয়া যাওয়া, অক; পুট্টয়তি নদী নিদাঘে
১৮—পুণ, তু—প; শুভকার্য্যে নৈপুণ্য দেখান, সক; পুণতি।
১৫—পুথ, দিবা—প, হিংসা, সক; পুথ্যতি।
২৪—পুথ, চু—প, বলা, সক; পোথয়তি। পুস্থতি।
১—পুন্থ(ই) ভ্বা—প, ১ হিংসা, ২ সম্যক্রূপে ক্লেশ দেওয়া, সক;
১৮—পুর, তু—প, অগ্রে গমন করা, সক; পুরতি।
৫—পুষ, ভ্বা—প, পোষণ করা, সক; পোষতি পোষ্যং পুমান্।
১৫—পুষ, দিবা—প, (অনিট্) পোষণ করা, সক; পুষ্যতি।
২১—পুষ, ক্র্যা—প, পোষণ করা, সক; পুষ্ণাতি।
২৪—পুষ, চু—প, ধারণ করা, সক; পোষয়তি সুকেশং বালা।
১৫—পুষ্প, দিবা—প, প্রস্ফুটিত হওয়া, অক, পুষ্প্যতি শরদি শেফালিকা।
২২—পুস্ত, চু—প, ১ আদর, ২ অনাদর, সক; পুস্তয়তি।

১৯—পূ (ঙ) ভ্বা—আ, পবিত্র করা, সক; পবতে।

২০—পূ (ঞ) ক্র্যা—উ, পবিত্র করা, সক; পুনাতি, পুনীতে।

২২—পূজ, চু—প, অর্চ্চনা করা, সক; পূজয়তি দ্বিজং রাজা।

৮—পূয় (ঈ) ভ্বা—আ, ১ শুকাইয়া যাওয়া; ২ দুর্গন্ধ হওয়া, অক; পূয়তে। [মিত্রঃ জনঃ।

১৬—পূর (ঈ) দিবা—আ, আপ্যায়িত করা, সক; পূর্য্যতে

২২—পূর, চু—প, প্রীত করা, সক; পূরয়তি।

৫—পূর্ব্ব, ভ্বা—প, পূরণ করা, সক; পূর্ব্বতি।

২২—পূর্ব্ব, চু—প, নিমন্ত্রণ করা, সক; পূর্ব্বয়তি বিপ্রান্ জনঃ।

৪—পূল, ভ্বা—প, রাশীকরণ, সক; পূলতি।

২২—পুল, চু—প, রাশীকরণ, সক; পূলয়তি।

৫—পূষ, ভ্বা—প, বৃদ্ধি, অক; পূষতি পৌষে রাত্রিঃ। পিপর্ত্তি।

১৪—পৃ, অদা—প, অনিট্, ১ পালন করা, ২ পূরণ করা, সক;

১৫—পৃ, স্বা—প, (অনিট্) প্রীতি করা, সক; পৃণোতি পিতৄন্ পুত্রঃ

১৯—পৃ (ঙ) তুদা—আ, (অনিট্), চেষ্টা, অক; প্রিয়তে।

২১—পৃ, চু—প, (অনিট্), পূরণ করা, সক; পারয়তি।

১৪—পৃচ (ঈ) অদা—আ, সংযোজন করা, সক; পৃক্তে মধুনা মোদকং চিকিৎসকঃ।

২০—পৃচ (ঈ) রুধা—প, সংযোজন করা, সক; পৃণক্তি।

২৩—পৃচ, চু—প, বন্ধন করা, সক; পর্চ্চয়তি। [পর্চ্চতি]

১৮—পৃড়, তু—প, সুখদান করা, সক; পৃডতি বিষয়ো ভোগিনম্।

১৮—পৃণ, তু—প, তৃপ্ত করা, সক; পৃণতি বহ্নিং বিপ্রঃ।

৫—পৃষ (উ) ভ্বা—প, সেচন করা, সক; পর্ষতি পুষ্পবৃক্ষং মালিকঃ।

২০—পৄ, ক্র্যা—প, ১ পালন, ২ পূরণ, সক; পৃণাতি।

৯—পেব (ঋ) ভ্বা—আ, সেবা করা, সক; পেবতে পিতরং পুত্রঃ।

৫—পেল (ঋ) ভ্বা—আ, গতি, সক ; পেলতে।
৬—পেস (ঋ) ভ্বা—আ, গমন, সক ; পেসতে।
৬—পৈ, ভ্বা—প, (অনিট্) শোষণ করা, সক ; পায়তি রসং রবিকরঃ।
১২—পোথ (ঋ) ভ্বা—আ, সামর্থ্য, অক ; পোথতে।
৮—প্যায় (ও, ঈ) ভ্বা—আ, বৃদ্ধি হওয়া, অক ; প্যায়তে।
১৫—প্যুষ, দিবা—প, ভাগ করা, সক ; প্যুষ্যতি বিত্তং দায়াদঃ।
২৩—প্যুষ, চু—প, ত্যাগ করা, সক ; প্যোষয়তি।
৯—প্যৈ (ঙ) ভ্বা—আ, অনিট্, বৃদ্ধি হওয়া, অক ; প্যায়তে।
১৮—প্রচ্ছ, তু—প, (অনিট্), জানিতে ইচ্ছা করা, সক ; পৃচ্ছতি বাল্যা স প্রশ্নম্।
১০—প্রথ, ভ্বা—আ, কথন, সক ; প্রথতে প্রিয়ং বালা।
২২—প্রথ, চু—প, প্রক্ষেপ দেওয়া, সক ; প্রাথয়তি চরাবাজ্যম্।
১০—প্রস, ভ্বা—আ, বিস্তার করা, সক ; প্রসতে যশঃ সাধুঃ।
১৩—প্রা, অদা—প, (অনিট্) পূরণ করা, সক ; প্রাতি উদরমন্নেন মানবঃ।
১৬—প্রী (ঙ) দিবা—আ, (অনিট্) প্রীত হওয়া, অক ; প্রীয়তে।
২০—প্রী (ঞ) ক্র্যা—উ, (অনিট্), ১ তৃপ্ত করা, সক ; ২ কান্তি, অক ; প্রীণাতি, প্রীণীতে।
২৬—প্রী (ঞ) চু—উ, (অনিট্) তৃপ্ত করা, সক ; প্রায়য়তি প্রায়য়তে [প্রয়তি, প্রয়তে]।
৯—প্রু, (ঙ) ভ্বা—আ, (অনিট্) গতি, সক ; প্রবতে।
৫—প্রুষ, (উ) ভ্বা—প, দাহ করা, সক ; প্রোষতি। (প্রুষ্ণাতি।)
২১—প্রুষ, ক্র্যা—প, ১ স্নেহ করা, ২ সেচন করা, ৩ পূরণ করা, সক;
১২—প্রোথ (ঋ) ভ্বা—উ, সামর্থ্য, অক ; প্রোথতি, প্রোথতে।

৯—প্রিহ, ভ্বা—আ, গতি, সক ; প্রেহতে।

৯—প্লু (ঙ) ভ্বা—আ, (অনিট্), ১প্লাবিত করা, ২সাঁতার দেওয়া, সক ; প্লবতে।

৫—প্লুষ, (উ) ভ্বা—প, (বেট্) দাহ, সক ; প্লোষতি।

১৫—প্লুষ, দিবা—প, দগ্ধ করা, সক ; প্লুষ্যতি বাসাংসি বহ্নিঃ।

৯—প্সেব (ঋ) ভ্বা—আ, সেবা করা, সক ; প্সেবতে।

১৩—প্সা, অদা,—প, অনিট্, ভক্ষণ করা, সক ; প্সাতি।

[ফ]

১—ফক্ক, ভ্বা—প, অসদ্ব্যবহার, অক ; ফক্কতি খলঃ।

১১—ফণ (মাদুবন্ধ) ভ্বা—প, গতি, সক ; ফণতি বনং ফণী।

৯—ফল (আ, ঞ) ভ্বা—প, নিষ্পন্ন হওয়া, অক ; ফলতি বাক্যং বিপ্রস্য।

৯—ফল, ভ্বা—প, সম্পন্ন হওয়া, অক ; ফলতি।

৫—ফুল্ল, ভ্বা—প, বিকসিত হওয়া, অক ; ফুল্লতি মল্লিকা।

৪—ফেল (ঋ) ভ্বা—প, গতি, অক ; ফেলতি।

[ব]

৯—বংহ (ই) ভ্বা—আ, বৃদ্ধি হওয়া, অক ; বংহতে।

২—বথ, ভ্বা—প, গতি, সক ; বথতি।

৭—বঙ্ক (ই) ভ্বা—আ, কুটিলতা, অক ; বঙ্কতে।

৭—বঙ্ক (ই) ভ্বা—আ, গতি, অক ; বঙ্কতে।

২—বঙ্গ (ই) ভ্বা—প, গতি, সক ; বঙ্গতি।

১—বজ্য (ই) ভ্বা—আ, বেগগমন, অক ; বজ্যতে।

১৪—বচ, গদ,—প, অনিট্, কথন, সক ; বক্তি।

২৬—বচ, চু—প, সংবাদ দেওয়া, সক ; বাচয়তি লোকমখিলং নারদঃ।

২—বজ, ভ্বা—প, গমন, সক; বজতি ব্রজপুরং রাজা।

২৭—বজ, চু—প, পাত্রের সংস্কার করা, সক; বাজয়তি।

৫—বট, ভ্বা—প, বেষ্টন, সক, বটতি বটতরূন্ বৃতিভিঃ লোকঃ।

১০—বট, ভ্বা—প, কথন, সক; বটতি।

২৪—বট, চু—প, গ্রন্থন, সক, বটয়তি।

২৫—বট চু—প, বিভাগ করা, সক; বটয়তি।

৩—বঠ, ভ্বা—প, স্থূলতা, অক; বঠতি।

২—বণ, ভ্বা—প, শব্দ, অক; বঠতি।

৩—বণ্ট (ই) ভ্বা—প, ভাগ করা, সক; বণ্টতি বিত্তং দায়াদঃ।

২২—বণ্ট (ই) চু—প, বণ্টন করা, সক; বণ্টয়তি।

৭—বণ্ট (ই) ভ্বা—আ, নিঃসহায় গমন, অক; বণ্টতে শঠঃ।

৮—বণ্ড (ই) ভ্বা—আ, বেষ্টন করা, সক; বণ্ডতে মণ্ডপম্।

১—বদ, ভ্বা—প, স্থিরতা, অক, বদতি।

১২—বদ, ভ্বা—প, সম্যক্‌রূপে বলা, সক; বদতি।

২৬—বদ, চু—আ, বলা, সক; বাদয়তে। [বদতে]।

৯—বধ, ভ্বা—আ, বন্ধন, সক; বীভৎসতে।

২০—বধ, চু—প, বন্ধন করা, সক; বাধয়তি।

২—বন, ভ্বা—প, শব্দ, অক; বনতি।

২০ বন (উ) তনা—আ, যাচ্ঞা, সক; বনুতে।

২৩—বন, চু—প, জীবনধারণ, অক; বানয়তি।

২—বন্চ (উ) ভ্বা—প, গতি, সক; বঞ্চতি।

২৩—বন্চ (উ) চু—আ, মিথ্যাকথা বলা, সক; বঞ্চয়তে খলঃ সাধুম্।

৬—বন্দ (ঈ) ভ্বা—আ, ১ নমস্কার করা, ২ স্তব করা, সক; বন্দতে।

২১—বন্ধ, ক্র্যা—প, (অনিট), বন্ধন করা, সক; বধ্নাতি চৌরং রাজা।

১২—বপ (ডু) ভ্বা—উ,(অনিট্), ১ বীজ বপন করা, ২ সূত্রবিস্তার করা, সক ; বপতি, বপতে।

১১—বম (টু) ভ্বা—প, উদ্গিরণ করা, সক ; বমতি বিষমহিঃ।

৪—বভ্র, ভ্বা—প, গতি, সক ; বভ্রতি অভ্রং মেঘনাদঃ।

৮—বয়, ভ্বা—আ, গতি, সক ; বয়তে।

২৪—বর, চু—প, প্রাপ্তীচ্ছা, সক ; বরয়তি বরং বালা।

৭—বর্চ্চ, ভ্বা—আ, দীপ্ত হওয়া, অক ; বর্চ্চতে অর্চ্চিঃ।

২৫—বর্ণ, চু—প, ১ রঙ করা, ২ বিস্তার করা, ৩ স্তব করা, সক ; বর্ণয়তি।

২২—বর্দ্ধ, চু—প, ১ ছেদন করা, ২ পূরণ করা, সক ; বর্দ্ধয়তি।

৩—বর্ষ, ভ্বা—প, গমন, সক ; বর্ষতি।

৯—বর্হ, ভ্বা—আ, ১ বলা, ২ হিংসা, ৩ আদান, সক ; বর্হতে।

২২—বর্হ, চু—প, হিংসা করা, সক ; বর্হয়তি।

২৫—বর্হ, চু—প, কথনার্থ, সক ; বর্হয়তি।

৮—বল, ভ্বা—আ, সংবরণ করা, সক ; বলতে।

১১—বল, ভ্বা—প, জীবিত থাকা, অক; বলতি অর্থেন লোকঃ।

২২—বল, চু—প, পোষণ করা, সক ; বালয়তি।

২১—বল্ক, চু—প, বাস, অক ; বল্কয়তি।

২—বল্গ, ভ্বা—প, গতি, সক ; বল্গতি।

৮—বল্ভ, ভ্বা—আ, খাওয়া, সক ; বল্ভতে।

৭—বল্ল, ভ্বা,—আ, সংবরণ করা, সক ; বল্লতে।

৯—বল্হ, ভ্বা—আ, ১ শ্রেষ্ঠত্ব, অক, ২ কথা বলা, ৩ হিংসা, ৪ দান, সক ; বল্হতে।

১৪—বল্হ, চু—প, কথন, সক ; বল্হয়তি, বল্হতি।

১৩—বশ, অদা—প, কান্তি [ইচ্ছা, সক ;] অক ; বষ্টি।

৫—বর্ষ, ভ্বা—প, হিংসা, সক ; বর্ষতি।

১২—বস, ভ্বা—প, (অনিট্.) বাস করা, অক ; বসতি।

১৩—বস, অদা—আ, আচ্ছাদন করা, সক ; বাস্তে শরীরমঞ্চলেন।

১৫—বস (উ) দিবা—প, নম্র না হওয়া, অক ; বস্যতি।

২৩—বস, চু—প, ১ স্নেহ, ২ ছেদন, ৩ আবাহন, সক ; বাসয়তি।

৭—বস্ক, ভ্বা—আ, গমন, সক ; বস্কতে।

২৩—বস্ত, চু—আ, গমন, সক ; বস্তয়তে।

১২—বহ, ভ্বা—উ, (অনিট্). প্রাপণ, সক ; বহতি, বহতে।

৫—বক্ষ, ভ্বা—প, ক্রোধ, অক ; বক্ষতি ঋক্ষঃ।

১৩—বা, অদা—প, (অনিট্,) ১ গতি, ২ গন্ধ, অক ; বায়ুর্ব্বাতি।

৫—বাঙ্ক্ষ, (ই) ভ্বা—প, আকাঙ্ক্ষা করা, বাঙ্ক্ষতি।

২—বাঞ্ছ (ই) ভ্বা—প, ইচ্ছা করা, সক ; বাঞ্ছতি পুত্রং বন্ধ্যা।

৮—বাড় (ঋ) ভ্বা—আ, ভাসিয়া উঠা, অক ; বাড়তে।

২৪—বাত, চু—প, ১ গমনকারীকে সুখদান করা, ২—সেবা করা, সক ; বাতয়তি।

৬—বাধ (ঋ) ভ্বা—আ, ১ হিংসা, ২ বাধা, সক ; বাধতে।

১৬—বাবৃত (উ) দিবা—আ, বরণ, সক ; বাবৃত্যতে বরং বধূঃ।

১৬—বাশ, (ঋ) দিবা—আ, শব্দকরা, অক ; বাশ্যতে।

২৪—বাস, চু—প, গুণান্তরাধান, সক ; বাসয়তি কাননং চন্দনঃ।

৯—বাহ (ঋ) ভ্বা—আ, যত্নবান্ হওয়া, অক ; বাহতে।

১৯—বিচ,(ইর) রু—উ, (অনিট্,), পৃথক্ হওয়া, অক ; বিনক্তি বিঙ্‌ক্তে বা গর্ভাৎ শিশুঃ।

১৮—বিচ্ছ, তু—প, বলা, সক ; বিচ্ছয়তি, [বিচ্ছতি]।

২৪—বিচ্ছ, চু—প, বলা, সক ; বিচ্ছায়তি [বিচ্ছতি]।

১৪—বিজ (ইর্)অদা—উ, পৃথক্ ভাব, অক ; বেবেক্তি, বেবিক্তে।

১৯—বিজ (ও,ঈ) তু—আ, ১ভয়, ২ চলিয়া যাওয়া,অক; বিজতে।
২০—বিজ (ও, ঈ) রুধা—প, ১ভয়, ২ চলন, অক, বিনক্তি।
৩—বিট, ভ্বা—প, শব্দ, অক ; বেটতি। [মূষিকম্।
৩—বিড়, ভ্বা—প, আক্রোশ করা, সক, বেড়তি, বিড়ালেঃ
৭—বিথ, (ঋ) ভ্বা—আ, যাচ্ঞা করা, সক, বেথতে।
১৩—বিদ, অদা—প, জানা, সক, বেত্তি পরচিত্তং বুদ্ধিমান্।
১৬—বিদ, দিবা—আ,(অনিট্) বিদ্যমানতা,অক, বিদ্যতে জনঃ।
১৭—বিদ, (৯) তু—উ, (অনিট্) লাভ, সক বিন্দতি, বিন্দতে।
২০—বিদ, রুধা—আ,(অনিট্) বিচার, সক; বিন্তে বেদং বেদজ্ঞঃ।
২৩—বিদ, চু—আ, ১ ব্যথিত হওয়া, ২বাসস্থান,অক, ৩ আখ্যান, সক ; বেদয়তে।
১৮—বিধ, তুদা—প, বিধান করা, সক, বিধতি বেধাঃ শাস্ত্রম্।
১—বিন্দ (ই) ভ্বা—প, শরীর, অক, বিন্দতি।
১৮—বিল, তুদা—প, ভেদ করা, সক, বিলতি গর্ত্তং মূষিকঃ।
১৮—বিশ, তু—প, (অনিট্) প্রবেশ করা, সক, বিশতি আবাসং শশকঃ।
৫—বিষ (উ) ভ্বা—প, (অনিট্) সেচন করা, সক, বেষতি।
১৪—বিষ (৯) অদা—উ, পরিব্যাপ্ত হওয়া, অক; বেবেষ্টি,বেবিষ্টে।
২১—বিষ, ক্র্যা—প, বিশ্লেষ করা, সক ; বিষ্ণাতি বিষং ভিষক্।
১৫—বিস, দিবা—প, প্রেরণ করা, সক, বিস্যতি।
১৩—বী, অদা—প, (অনিট্) ১ গর্ভহরণ করা, ২ ক্ষেপণ করা ৩ ভক্ষণ করা, সক, ৪ দীপ্তি, অক, বেতি।
৭—বীজ, ভ্বা—আ, গতি, সক, বীজতে।
৮—বীভ, (ঋ) ভ্বা—আ, গর্ব্ব করা, অক, বীভতে।
২৫—বীর, চু—আ, বিক্রম প্রকাশ, অক, বীরয়তে বীরঃ।

২—বুক্ক, ভ্বা—প, কুকুরের ধ্বনি, অক, বুক্কতি কুক্কুরঃ।
২—বুঙ্গ (ই) ভ্বা—প, ত্যাগ, সক, বুঙ্গতি অভ্যাসমঙ্গবিকলঃ।
২৯—বুড়, তু—প সংবরণ করা, সক, বুড়তি। [বিপ্রঃ।
১১—বুধ্, ভ্বা—প, (বেট্) বুঝিতে পারা, সক; বোধতি বেদং
১২—বুধ, (ইর্) ভ্বা—উ,বুঝিতে পারা, সক, বোধতি, বোধতে।
১৬—বুধ, দিবা—আ, (অনিট্) ঐ বুধ্যতে।
১২—বুন্দ (ইর্) ভ্বা—আ, আলোচনা করা, সক; বুন্দতে।
২২—বুক্ষ (ই) চু—প, হিংসা করা, সক; বুক্ষয়তি।
২২—বুল, চু—প, নিমগ্ন হওয়া, অক; বোলয়তি জলে জনঃ।
২৫—বুস, দিবা—প, ত্যাগ করা, সক; বুস্যতি জলং বলাহকঃ।
১৭—বৃ (ঞ) স্বা—উ, বরণ, সক; বৃণোতি, বৃণীতে বা রাজা
ঋত্বিজম্।
২১—বৃ(ঞ) ক্র্যা—উ, বরণ, সক; বৃণাতি, বৃণীতে।
২১—বৃ (ঙ) ক্র্যা—আ, সেবা, সক, বৃণীতে।
২৬—বৃ (ঞ) চু—উ,বরণ, সক, বারয়তি, বারয়তে [বরতি—তে।
৭—বৃক, ভ্বা—আ, গ্রহণকরা, সক; বর্কতে।
১৩—বৃজ (ঈ) অদা—আ, ত্যাগ করা, সক; বৃঙ্‌ক্তে।
২০—বৃজ (ঈ) রুধা—প, ত্যাগ করা, সক; বৃণক্তি।
২৬—বৃজ (ঈ) চু—প, ত্যাগ করা, সক; বর্জ্জয়তি [বর্জ্জতি।
১০—বৃত (উ) ভ্বা—আ, বিদ্যমানতা, অক; বর্ত্ততে।
২৪—বৃত (উ) চু—প, বলা, সক; বর্ত্তয়তি বার্ত্তাং চারঃ।
১০—বৃধ (উ) ভ্বা—আ, বৃদ্ধি হওয়া, অক, বর্দ্ধতে।
২৪—বৃধ (উ) চু—প, হিংসা করা, সক; বর্দ্ধয়তি।
৫—বৃন্হ (ই) ভ্বা—প, বৃদ্ধি হওয়া, অক; বৃংহতি।
১৫—বৃশ, দিবা—প, বরণ করা, সক, বৃশ্যতি বরং বধূঃ।

৫—বৃষ (উ) ভ্বা—প, সেচন, সক; বর্ষতি বৃষ্টিং বলাহকঃ।

২৩—বৃষ (উ) চু—আ, শক্তিবন্ধন (জননসামর্থ্য) অক; বর্ষয়তে।

৬—বৃহ (ইর্) ভ্বা—প, শব্দ, অক; বর্হতি বর্হী।

১৮—বৃহ (উ) তু—প, (বেট্) উদ্‌যুক্ত হওয়া, অক; বৃহতি।

৯—বৃক্ষ, ভ্বা—আ, বরণ করা, সক; বৃক্ষতে।

২০—বৃ (ঞ) ক্র্যা—উ, বরণ করা, সক, বৃণাতি, বৃণীতে।

১২—বে (ঞ) ভ্বা—উ, (অনিট্) বস্ত্রনির্ম্মাণ, সক, বয়তি, বয়তে।

১১—বেণ (ঋ) ভ্বা—উ, ১ জ্ঞান, ২ চিন্তা, ৩ সম্ভোগ, সক; বেণতি, বেণতে।

৭—বেথ (ঋ) ভ্বা—আ, যাচ্ঞা করা, সক; বেথতে।

৮—বেপ, (টু, ঋ) ভ্বা—আ, চলন, [কম্পন] অক; বেপতে।

১৪—বেবী (ঙ) অদা—আ, [৪৯ পৃষ্ঠে বীধাতু দেখ] বেবীতে।

৪—বেল (ঋ) ভ্বা—প, গতি, সক; বেলতি।

২৪—বেল, চু—প, কালনির্দ্দেশ করা, সক; বেলয়তি গণকঃ কালম্।

৪—বেল্ল, ভ্বা—প, গতি, সক; বেল্লতি।

৯—বেহ (ঋ) ভ্বা—আ, যত্নবান্ হওয়া, অক; বেহতে।

৬—বৈ (ও) ভ্বা—প, (অনিট্) শোষণ, সক; বায়তি বায়ুঃ রসম্।

১৮—ব্যচ, তু—প, বঞ্চিত করা, সক; বিচতি ভ্রমরং নরঃ।

১০—ব্যথ, ভ্বা—আ, ১ বিবাদ, ২ ভয় করিয়া চলা, অক; ব্যথতে।

১৫—ব্যধ, দিবা—প, (অনিট্) তাড়না করা, সক; ব্যাধো বিধ্যতি হরিণম্।

১১—ব্যয়, ভ্বা—উ, গতি, সক; ব্যয়তি, ব্যয়তে।

২২—ব্যয়, চু—প, ক্ষেপণ করা, সক; ব্যায়য়তি।

২৫—ব্যয়, চু—প, দান করা, সক; ব্যয়য়তি।

১১—ব্যে—(ঞ) ভ্বা—উ (অনিট্) সংবরণ, সক; ব্যয়তি, ব্যয়তে।

২—ব্রজ, ভ্বা—প, গমন করা, সক, ব্রজতি।

২৫—ব্রণ,চু—প,শরীর ক্ষত বিক্ষত করা, সক; ব্রণয়তি বপুর্ব্বাণেন বীরঃ। [জনঃ।

১৭—ব্রশ্চ (উ) তুদা—প, (বেট্) ছেদন করা, সক; বৃশ্চতি বৃক্ষং

১৮—ব্রী (ঙ) দিবা—আ, (অনিট্) বরণ করা, সক; ব্রীয়তে।

২০—ব্রী, ক্র্যা—প, (অনিট্) বরণ করা, সক; ব্রীণাতি।

১৫—ব্রীড়, দিবা—প, লজ্জা করা, অক; ব্রীড্যতি বালা।

১৯—ব্রুড়, তুদা—প, বরণ, সক; ব্রুড়তি। [ব্রূতে, আহ।

১৪—ব্রূ (ঞ) অদা—উ, (অনিট্) বিস্পষ্টরূপে বলা, সক; ব্রবীতি।

২২—ব্রূ [স] ষ চু—প, হিংসা করা, সক, ব্রূষ [স] য়তি।

২০—ব্লী, ক্র্যা—প, (অনিট) বরণ করা, সক; ব্লীনাতি।

[ভ]

১২—ভজ,ভ্বা—উ, (অনিট্) সেবা করা, সক; ভজতি, ভজতে।

২৩—ভজ, চু—প, দান, সক, ভাজয়তি ধনং ভূপতিঃ।

৩—ভট, ভ্বা—প, পোষণ, সক; ভটতি ভটং ভূপালঃ।

১০—ভট্ট, ভ্বা—প, বলা, সক, ভট্টতি ভট্টঃ সন্দেশম্।

৪—ভণ, ভ্বা—প, শব্দ, অক; ভণতি।

৮—ভণ্ড (ই) ভ্বা—আ, উপহাস, সক, পণ্ডিতো ভণ্ডতে ভণ্ডম্।

২২—ভণ্ড (ই) চু—প, প্রতারণা করা, সক, ভণ্ডয়তি।

১৯—ভনঞ্জ, র—প, (অনিট্) আমর্দ্দন, সক; ভনক্তি।

২৪—ভন্জ, চু—প, বলা, সক; ভঞ্জয়তি।

৬—ভন্দ (ই) ভ্বা—আ, সুখী হওয়া, অক; ভন্দতে ভাগ্যবান্।

৩—ভর্ত্ত [র্ব্ব] ভ্বা—প, হিংসা, সক; ভর্ত্ত [র্ব্ব] তি।

২৩—ভর্ৎস, চু—আ, ভর্ৎসনা করা, সক; ভর্ৎসয়তে।

৮—ভল, ভ্বা—আ, ১ বলা, ২ হিংসা, ৩ গ্রহণ, সক; ভলতে।

২৩—ভজ, চু—আ, নিরূপণ করা, সক; ভাজয়তে।

৮—ভণ্ড, ভ্বা—আ, [ভাল দেখ] ভণ্ডতে।

৫—ভৎস, ভ্বা—প, তিরস্কার করা, সক; ভৎসতি।

১৪—ভস, অদা—প, [হ্বাদি] ১ তিরস্কার করা, সক; ২ দীপ্ত হওয়া, অক; বভস্তি গর্ভস্তিহস্তঃ।

১২—ভক্ষ, ভ্বা—উ, খাওয়া, সক; ভক্ষতি, ভক্ষতে।

২১—ভক্ষ, চু—প, খাওয়া, সক; ভক্ষয়তি।

১৩—ভা, অ—প, (অনিট্) দীপ্ত হওয়া, অক; ভাতি।

২৪—ভাজ, চু—প, বিভাগ করা, সক; ভাজয়তি।

৭—ভাম, ভ্বা—আ, ক্রুদ্ধ হওয়া, অক; ভামতে।

২৪—ভাম, চু—প, ঐ ঐ ভাময়তি।

১—ভাষ, ভ্বা—আ, স্পষ্টরূপে বলা, সক; ভাষতে।

৯—ভাস (ঋ) ভ্বা—আ, দীপ্ত হওয়া, অক; ভাসতে বিভাবসুঃ।

১৯—ভিদ (ইর্) রুধা—উ, (অনিট্) বিদারণ করা, সক; ভিনত্তি করিকুম্ভং সিংহঃ।

৯—ভিক্ষ, ভ্বা—আ, যাচ্ঞা করা, সক; ভিক্ষতে।

১৪—ভী(ঞি) হ্বা—প,(অনিট্)ভীত হওয়া,অক; বিভেতি চৌরঃ।

১৮—ভুজ (ও) ভ্বা—প, (অনিট্) কুটিল করা, সক; ভুজতি ভুজং মল্লঃ।

১৯—ভুজ, রুধা—উ,(অনিট্) ১ পালন, ২ ভোজনার্থে আত্মনেপদ, সক; ভুনক্তি, ভুঙ্ক্তে।

৮—ভুণ্ড (ই) ভ্বা—আ, ধারণ, সক; ভুণ্ডতে।

১—ভূ, ভ্বা—প, উৎপত্তি অক; ভবতি।

২৪—ভূ, চু—প, চিন্তা বা দম্ভ করা, সক; ভাবয়তি।

২৬—ভূ, চু—আ, পাওয়া, সক; ভাবয়তে।

৫—ভূষ, ভ্বা—প, অলঙ্কৃত করা, সক; ভূষতি যুবকো যুবতীম্।
২৩—ভূষ—চু—প, ঐ ঐ ভূষয়তি।
১২—ভৃ (ঞ) ভ্বা—উ,(অনিট্)পোষণ করা, সক; ভরতি, ভরতে।
১৪—ভৃ (ডু, ঞ) অদা—উ, [হ্বাদি] (অনিট্) ১ ধারণ করা, ২ পোষণ করা, সক; বিভর্তি, বিভৃতে।
৭—ভৃজ (ঈ) ভ্বা—আ, ভর্জ্জন—(ভাজা) সক; ভর্জ্জতে করঞ্জং ভিষক্।"
১৫—ভৃশ (উ) দিবা—প, অধোগতি প্রাপ্ত হওয়া, অক; পুণ্যক্ষয়ে ভৃশ্যতি নাকগামী।
২০—ভৄ, ক্র্যা—প, তিরস্কার করা, সক; ভৃণাতি।
১২—ভেষ (ঋ) ভ্বা—উ, ভয়, অক; ভেষতি, ভেষতে।
৯—ভ্যস, ভ্বা—আ, ভয়, অক; ভ্যসতে।
১৫—ভ্রন্শ (উ) দিবা—প, অধঃপতন, অক; ভ্রশ্যতি।
১০—ভ্রন্স [শ] (উ) ভ্বা—আ, স্খলিত হওয়া, অক; ভ্রংস[শ]তে।
১১—ভ্রম, (উ) ভ্বা—প, ভ্রমণ, অক; ভ্রমতি।
১৫—ভ্রম (উ) দিবা—প, নিয়ত ভ্রমণ, অক; ভ্রাম্যতি।
১৫—ভ্রশ (উ) দিবা—প, অধঃপতিত হওয়া, অক; ভ্রশ্যতি।
১৭—ভ্রস্জ, তুদা—উ,(অনিট্) পাক করা, সক; ভৃজ্জতি,ভৃজ্জতে।
১১—ভ্লাশ (ঋ, টু) ভ্বা—আ, দীপ্তি, অক; ভ্লাশ্যতে, ভ্লাশতে।
৭—ভ্রাজ (ঋ) ভ্বা—আ, দীপ্ত হওয়া, অক; ভ্রাজতে।
১১—ভ্রাজ (টু, ঋ) ভ্বা—আ, দীপ্ত হওয়া, অক; ভ্রাজতে।
১০—ভ্রাশ, (ঋ) ভ্বা—আ, দীপ্তি, অক; ভ্রাশ্যতে, ভ্রাশতে।
১১—ভ্রাশ (টু, ঋ) ভ্বা—আ, ঐ ঐ ভ্রাশ্যতে, ভ্রাশতে।
২০—ভ্রী, ক্র্যা—প, পোষণ করা, সক; ভ্রীণাতি।
১৩—ভ্রূণ, চু—ক, আশা করা, সক; ভ্রূণয়তে ভব্যঃ মানুষঃ।

৭—ভ্রেক্ষ (ঋ) ভ্বা—আ, দীপ্ত, অক ; ভ্রেক্ষতে। [সাধুঃ।
১২—ভ্রেষ (ঋ) ভ্বা—আ, বিচলিত হওয়া, অক ; ধর্ম্মায় ভ্রেষতে

[ম]

১—মংহ (ই) ভ্বা—আ, বৃদ্ধি হওয়া, অক ; মংহতে।
২—মখ, ভ্বা—প, গতি, সক ; মখতি।
৭—মঙ্ক (ই) ভ্বা—আ, ভূষিত করা, সক ; মঙ্কতে।
২—মঙ্গ (ই) ভ্বা—প, গতি, সক ; মঙ্গতি।
৬—মজ্ঘ (ই) ভ্বা—আ, ১ ক্রীড়া, ২ বেগগতি, অক , মজ্ঘতে।
৭—মচ, ভ্বা—আ, দম্ভ করা, অক ; মচতে মূর্খঃ।
৩—মঠ, ভ্বা—প. বিদ্যার্থী প্রভৃতির আবাস, অক ; মঠতি।
৪—মণ, ভ্বা—প, শব্দ, অক ; মণতি মেঘঃ।
৬—মঠ (ই) ভ্বা—আ, অধ্যয়ন জন্য ক্লেশ, অক; মণ্ঠতে ক্ষীণকণ্ঠঃ।
৩—মণ্ড (ই) ভ্বা—প, ভূষিত করা, সক ; মণ্ডতি।
৮—মণ্ড (ই) ভ্বা—আ, বেষ্টন করা, সক ; মণ্ডতি।
২২—মণ্ড (ই) চু—প, ১ ভূষিত করা, সক ; ২ হর্ষ, অক; মণ্ডয়তি।
১১—মথ (এ) ভ্বা—প, আলোড়ন করা, সক ; মথতি।
১০—মদ, ভ্বা—প, হর্ষক্ষয়, [মানুবন্ধ] অক ; মদয়তি।
১৫—মদ (ঈ) দিবা—প, [শমাদি] মত্ত হওয়া, অক ; মাদ্যতি।
২৩—মদ, চু—আ, তৃপ্ত হওয়া, অক ; মাদয়তে।
১৬—মন, দিবা—আ, (অনিট্) জানা, সক ; মন্যতে। [মুনিঃ।
২০—মন, (উ) তনা—আ, জানিতে পারা, সক ; মনুতে মনো
২৩—মন, চু—আ, স্তম্ভিত করা, সক ; মানয়তে।
৭—মন্চ (ই) ভ্বা—আ, ১ ধারণ করা, ২ পূজা করা, সক ;
৩ স্ফীত হওয়া, অক ; মঞ্চতে।

২৩—মন্ত্র (ই) চু—প, গুপ্ত মন্ত্রণা, সক; মন্ত্রয়তে মন্ত্রী রাজকার্য্যম্।
১—মন্থ, ভ্বা—প, আলোড়ন করা, সক; মন্থতি।
২১—মন্থ, ক্র্যা—প, মন্থন করা, সক; মথ্নাতি।
৬—মন্দ (ই) ভ্বা—আ, ১ স্তব করা, ২ গতি, সক; ৩ মত্ত হওয়া,
৪ নিদ্রা, ৫ হর্ষ, অক; মন্দতে।
৪—মব, ভ্বা—প, বন্ধন করা, সক; মবতি।
৫—মব, ঐ ঐ ঐ মবতি।
৪—মব্য, ভ্বা—প, বন্ধন করা, সক; মব্যতি।
৪—মভ্র, ঐ গতি, ঐ মভ্রতি নভো মেঘঃ।
৮—ময়, ভ্বা—আ, গতি, সক; ময়তে।
৩—মর্ব্ব, ভ্বা—প, ঐ ঐ মর্ব্বতি।
৫—মর্ব্ব, ঐ পূরণ করা, সক; মর্ব্বতি।
৮—মল, ভ্বা—আ, ধারণ করা, সক; মলতে।
৮—মল্ল, ঐ ঐ ঐ মল্লতে।
৫—মশ, ভ্বা—প, ১ শব্দ, ২ ক্রোধ, অক; মশতি।
৫—মষ, ভ্বা—প, হিংসা, অক; মষতি মশকং মানুষঃ।
১৫—মস (ঈ), দিবা—প, পরিমাণ করা, সক; মস্যতি।
১৭—মস্জ (টু, ও) তু—প, (অনিট্) শুদ্ধ হওয়া, অক, মজ্জতি।
৬—মহ, ভ্বা—প, পূজা করা, সক, মহতি।
১৪—মহ, চু প, ঐ ঐ মহয়তি।
১৩—মা, অদা—প, (অনিট্) পরিমাণ, সক; মাতি ভূমিং রাজা।
২৪—মা (ঙ) [হ্বাদি] অদা—আ, (অনিট্) ১ পরিমাণ করা,
সক; ২ শব্দ, অক; মিমীতে।
১৬—মা (ঙ) দিবা—আ, পরিমাণ করা সক; মায়তে।
৫—মাক্ষ (ঈ) ভ্বা—প, আকাঙ্ক্ষা করা, সক, মাক্ষতি।

৯—মান, ভ্বা—আ, পূজা করা, ; মীমাংসতে।

২২—মান, চু—প, পূজা, সক ; মানয়তি।

২৬—মান, চু—প, পূজা, সক ; মানয়তি, মানতি।

১৬—মার্গ, চু—প, অন্বেষণ করা, সক ; মার্গয়তি, মার্গতি।

২২—মার্জ্জ, চু—প, শব্দ, অক ; মার্জ্জতি।

১২—মাহ, (ঋ) ভ্বা—উ,পরিমাণ করা, সক ; মাহতি, মাহতে।

১৭—মি (ডুঞ) স্বাদি—উ, (অনিট্) ক্ষেপণ, সক, মিনোতি, মিনুতে।

১৮—মিছ, তু—প, উৎপীড়ন করা, সক ; মিচ্ছতি।

৯—মিদ (আ, ঞি) ভ্বা—আ, প্রীত হওয়া,অক ; মেদতে।

১২—মিদৃ (ঋ) ভ্বা—উ, ১ধারণা, ২হিংসা, সক; মেদতি, মেদতে।

১৬—মিদ (ঞি) দিবা—প, প্রীত হওয়া, অক ; মেদ্যতি।

২১—মিন্দ (ই) চু—প, সিক্ত হওয়া, অক ; মিন্দয়তি।

৫—মিন্ব (ই) ভ্বা—প, সেচন, সক ; মিন্বতি।

১৮—মিল, তু—প, মিলিত হওয়া, অক ; মিলতি লতা।

৫—মিশ, ভ্বা—আ, ১ শব্দ, ২ ক্রোধ, অক ; মেশতে।

২৫—মিশ্র, চু—প, মিশ্রিত করা, সক ; মিশ্রয়তি।

৫—মিষ (উ) ভ্বা—প, সেচন করা, সক ; মেষতি।

১৮—মিষ, তু—প, গর্ব্ব করা, অক ; মিষতি।

৫—মিহ, ভ্বা—প, (অনিট্) সেচন করা, সক ; মেহতি।

১৬—মী (ঙ) অদা—আ, (অনিট্) হিংসা করা, সক ; মীয়তে।

২০—মী (ঞ) ক্র্যা—উ,(অনিট্) হিংসা, সক ; মীনাতি, মীনীতে।

২৬—মী, চু—প, (অনিট্) গতি, সক ; মায়য়তি, ময়তি।

৪—মীম (ঋ) ভ্বা—প, গতি, সক ; মীমতি।

৪—মীব, ভ্বা—প, মোটা হওয়া, অক ; মীবতি।

৪—মীল, ভ্বা—প, চক্ষুর নিমেষ দেওয়া, অক ; মীলতি।

১৭—মুচ (৯) তু—উ, (অনিট্) ত্যাগ করা, সক; মুঞ্চতি, মুঞ্চতে।
২৪—মুচ, চু—প, মুক্ত করা, সক ; মোচয়তি।
২—মুজ, ভ্বা—প, শব্দ, অক ; মোজতি।
২—মুঞ্জ (ই) ভ্বা,—প, শব্দ, অক ; মুঞ্জতি।
৩—মুট, ভ্বা—প, মর্দ্দনকরা, সক ; মোটতি মল্লঃ শমঙ্গম্।
১৯—মুট, তুদা—প, ১ আক্ষেপ, ২ প্রমর্দ্দন, সক ; মুটতি।
২১—মুট, চু—প, উত্তমরূপে চূর্ণ করা, সক ; মোটয়তি।
১৮—মুণ, তুদা—প, ভালরূপ জানা, সক ; মুণতি।
৭—মুঠ, (ই) ভ্বা—আ, পালন করা, অক ; মুণ্ঠতে।
৩—মুণ্ড (ই) ভ্বা—প, মুণ্ডন করা, সক ; মুণ্ডতি মুণ্ডং নাপিতঃ।
৮—মুণ্ড, ভ্বা—আ, মাজা, সক ; মুণ্ডতে।
৬—মুদ, ভ্বা—আ, আহ্লাদিত হওয়া, অক ; মোদতে।
২৪—মুদ, চু—প, মিশ্রণ [মোয়া প্রস্তুত করা] সক ; মোদয়তি।
৭—মুন্চ (ই) ভ্বা—আ, শঠতা, মুঞ্চতে।
১৮—মুর, তু—প, বেষ্টন করা, মুরতি মেরুং গৌরিঃ।
২—মূর্চ্ছ (আ) ভ্বা—প, ১ মোহ, ২ উন্নতা, অক ; মূর্চ্ছতি।
৫—মুর্ব্ব (ঈ) ভ্বা—প, বন্ধন করা, সক ; মূর্ব্বতি।
১৫—মুস [ষ], দিবা—প, খণ্ডন করা, সক ; মুস্য [ষ্য] তি।
২২—মুস্ত, চু—প, ব্যথিত করা, সক ; মুস্তয়তি।
২১—মুষ, ক্র্যা—প, চুরি করা, সক , মুষ্ণাতি মাষং মূষিকঃ।
১৫—মুহ, দিবা—প, [বেট্] মোহিত হওয়া, অক ; মুহ্যতি।
২৫—মূত্র, চু—প, প্রস্রাব করা, সক ; মূত্রয়তি।
৪—মূল, ভ্বা—প, প্রতিষ্ঠা, অক ; মূলয়তি তরুঃ।
২২—মূল, চু—প, প্রতিষ্ঠা, অক ; মূলয়তি। [জীবমাত্রম্।
১৯—মৃ [ঙ] তু—আ, [অনিট্] মরিয়া, যাওয়া, অক ; ম্রিয়তে

১৫—মৃগ, দিবা—প, অন্বেষণ করা, সক ; মৃগ্যতি মৃগং ব্যাধঃ।

২৫—মৃগ, চু—আ, অন্বেষণ করা, সক ; মৃগয়তে।

২—মৃক্ষ, ভ্বা—প,— শব্দ, অক ; মর্ক্ষতি।

১৩—মৃজ (উ], অদা—প, শুদ্ধ হওয়া, অক; মার্ষ্টি। [মার্জ্জয়তি।

২৬—মৃজ [উ] চু—প, ১ শুদ্ধ, অক ; ২ অলঙ্কৃতকরণ, সক ;—

১৮—মৃড়, তুদা—প, সুখী করা, সক ; মৃডতি।

২১—মৃড়, ক্র্যা—প, সুখী করা, সক ; মৃড্নাতি।

১৮—মৃণ, তু—প, সুখী করা, সক ; মৃণতি।

২১—মৃদ, ক্র্যা—প, চূর্ণ করা, সক ; মৃদ্নাতি।

১২—মৃধ [উ] ভ্বা—উ, ১ আর্দ্রভাব, অক ; ২ ধারণা, ৩ হিংসা, সক ; মর্দ্ধতি, মর্দ্ধতে।

১৮—মৃশ, তু—প, (অনিট্) স্পর্শ বা আলোচনা করা, সক; মৃশতি।

৫—মৃষ, ভ্বা—প, ১ ক্ষমা, ২ সেচন, সক ; মর্ষতি।

৬—মৃষ, দিবা— উ, ক্ষমা করা, সক ; মৃষ্যতি, মৃষ্যতে।

২৬—মৃষ, চু—আ, সহ্য করা, সক ; মর্ষয়তে।

৯—মে [ঙ] ভ্বা—আ, (অনিট্) বদল করা, সক; ময়তে তণ্ডুলান্ তিলেন লোকঃ।

২—মেট [ঋ] ভ্বা—প, উন্মত্ত হওয়া, অক ; মেটতি।

১২—মেদ [ঋ] ভ্বা—প, ১ ধারণা করা, ২ হিংসা করা, সক ; মেদতি।

১২—মেধ [ঋ] ভ্বা—উ, মিলিত হওয়া, অক ; মেধতি, মেধতে।

৯—মেব (ঋ) ভ্বা—আ, সেবা করা, সক ; মেবতে।

২৩—মোক্ষ, চু—প, ক্ষেপন করা, সক ; মোক্ষতি।

৬—ম্না, ভ্বা—প, (অনিট্) বারবার আলোচনা করা, সক ; মনতি শাস্ত্রং ছাত্রঃ।

১০—ম্রদ, ভ্বা—আ, মর্দ্দন করা, সক ;ম্রদতে।

২—ম্রচ (উ) ভ্বা—প, গতি, সক ; ম্রচতি।

৫—ম্রক্ষ, ভ্বা—প, সংযুক্ত করা, সক ; ম্রক্ষতি।

২২—ম্রক্ষ, চু—প, ম্রক্ষণ করা, (মাখা) সক ; ম্রক্ষয়তি।

২—ম্রুচ (উ) ভ্বা—প, গতি, সক ; ম্রোচতি।

২—ম্রুন্চ (উ) ভ্বা—প, গতি, সক , ম্রুঞ্চতি।

২—ম্রেট (ঋ) ঐ, উন্মত্ত হওয়া, অক ; ম্রেটতি।

২—ম্লুচ, ভ্বা—প, গতি, সক ; ম্লুচতি।

২—ম্লেচ্ছ, ভ্বা—প, স্পষ্ট করিয়া বলা, সক ; ম্লেচ্ছতি।

২২—ম্লেচ্ছ, চু—প, ঐ ঐ ম্লেচ্ছয়তি।

২—ম্লেট (ঋ) ভ্বা—প, উন্মত্ত হওয়া, অক ; ম্লেটতি।

৯—ম্লেব (ঋ) ভ্বা—আ, সেবা করা, সক ; ম্লেবতি।

৬—ম্লৈ, ভ্বা—প, [অনিট্] দেহের কান্তিক্ষয় হওয়া, অক ; ম্লায়তি রোগী।

[য]

১২—যজ, ভ্বা—উ, [অনিট্] ১দেবতার পূজা করা, ২বন্ধুর সহিত সদ্ব্যবহার করা, সক ; যজতি, যজতে।

৭—যত (ঈ) ভ্বা—আ, বেষ্টিত হওয়া, অক ; যততে।

২৩—যত, চু—প, ১ খেদ, ২ পরিবর্জ্জিত করা, সক ; যাতয়তি।

২১—যন্ত্র (ই) চু—প, সঙ্কুচিত করা, সক ; যন্ত্রয়তি।

৬—যভ, ভ্বা—প, [অনিট্] মৈথুন, সক ; যভতি।

৪—যম, ভ্বা—প, (অনিট্), নিবৃত্তি, অক ; যচ্ছতি পাপাল্লোকঃ।

১১—যম, ভ্বা—প, [মাহুবন্ধ, অনিট্] পরিবেশন, সক ; যময়তি [পরিবেশন ভিন্ন অর্থে—যাময়তি]

২২—যম চু—প, অন্নাদি পরিবেশন করা, সক ; যময়তি।
১৫—যস (উ) দিবা—প, যত্নবান্ হওয়া, অক ; যস্যতি।
২৩—যক্ষ, চু—আ, পূজা করা, সক ; যক্ষয়তে যক্ষরাজমর্থকামঃ ;
১৩—যা, অদা—প,(অনিট্) পাওয়া,সক ; যাতি বিবস্বানস্তাচলম্।
১২—যাচ (টু, ঋ) ভ্বা—উ, প্রার্থনা করা, সক; যাচতি, যাচতে।
১৩—যু, অদা—প, মিশ্রিত করা, সক ; যৌতি।
২০—যু (ঞ) ক্র্যা—উ, (অনিট্) বন্ধন, সক ; যুনাতি, যুনীতে।
২৩—যু, চু—আ, নিন্দা করা, সক ; যাবয়তে কৃপণঃ জনঃ॥
২—যুন্গ (ই) ভ্বা—প, ত্যাগ করা, সক ; যুঙ্গতি।
১৬—যুজ,দিবা—আ,আত্মাতে ভগবৎসন্দর্শন,অক ; যুজ্যতে যোগী।
১৯—যুজ(ইর্) রুধা—আ, (অনিট্),যোগ করা, সক ; যুঙ্ক্তে।
২৬—যুজ, চু—প, বন্ধন করা, সক ; যোজয়তি, যোজতি।
৭—যুত (ঋ) ভ্বা—আ, দীপ্ত হওয়া, অক ; যোততে।
১৬—যুধ, দিবা—প, (অনিট্) যুদ্ধ করা, অক ; যুধ্যতে যোধঃ।
১—যুহ্ন (ই) ভ্বা—প,১ হিংসা,সক ; ২ সম্যক্রূপ ক্লেশ,অক;যুহ্নতি।
১৫—যুপ, দিবা—প, মুগ্ধ করা, সক ; যুপ্যতি যুবতিং যুবা।
৯—যেষ (ঋ) ভ্বা—আ, যত্নবান্ হওয়া, অক ; যেষতে।
২—যৌট (ঋ) ভ্বা—প, যোগ করা, সক ; যৌটতি।

[র]

২৪—রক, চু—প, আস্বাদন করা, সক ; রাকয়তি রসং রামঃ।
২—রখ, ভ্বা—প, গতি, সক ; রখতি রথং রথী।
১০—রগ(এ)ভ্বা—প, ভয় পাওয়া, অক ; রগতি।
২—রন্খ (ই) ঐ ঐ ঐ রঙ্খতি।
২—রন্গ (ই) ঐ ঐ ঐ রঙ্গতি।
৫—রন্হ (ই) ভ্বা—প, গতি, সক ; রংহতি গর্ত্তমহিঃ।

৭—রন্‌ঘ (ই) ভ্বা—আ, ভয় পাওয়া, অক ; রঙ্ঘতে।

২৪—রচ, চু—প, রচনা করা, সক ; রচয়তি বচো বাচালঃ।

১১—রন্‌জ, ভ্বা—প, [মাহুবদ্ধ] রমণ, সক ; রজয়তি [রঞ্জয়তি]।

১২—রন্‌জ, ভ্বা—উ, (অনিট্) রাগ, সক ; রজতি, রজতে।

১৬—রন্‌জ, দিবা—উ, (অনিট্) রং করা, সক ; রজ্যতি, রজ্যতে।

৩—রট, ভ্বা—প, স্পষ্টরূপে বলা, সক ; রটতি।

৩—রঠ, ভ্বা—প, বলা, সক ; রঠতি।

৪—রণ, ভ্বা—প, শব্দ, অক ; রণতি।

১০—রণ, চু—প, [ঘটাদি] গতি, সক ; রণয়তি।

১—রদ, ভ্বা—প, ঠোকরান ; সক ; রদতি। [রধ্যতি।

১৫—রধ, দিব—প, (বেট্) ১ হিংসা করা, ২ নিষ্পত্তি, সক ;

৪—রন্‌ব (ই) ভ্বা—প, গতি, সক ; রম্বতি সাগরমম্বু।

৩—রপ, ভ্বা—প, স্পষ্ট বলা, সক, রপতি।

৩—রফ, ভ্বা—প, গতি, সক ; রফতি।

৯—রভ, ভ্বা—আ, অনিট্, উৎসুক হওয়া, অক ; রভতে ;

১১—রম, ভ্বা—আ, অনিট্, ক্রীড়া, অক ; রমতে।

৩—রন্‌ফ, (ই) ভ্বা—প, গতি, সক ; রম্ফতি।

৮—রন্‌ভ (ই) ভ্বা—আ, শব্দ, অক ; রম্ভতে।

৮—রয়, ভ্বা—আ, গতি, সক, রয়তে।

৩—রর্ফ, ভ্বা—প, গতি, সক ; রর্ফতি।

৫—রস, ভ্বা—প, শব্দ, অক ; রসতি সমীরণঃ।

২৫—রস, চু—প, ১ আস্বাদন করা, ২ স্নেহ করা, সক ; রসয়তি।

৫—রহ, ভ্বা—প, ত্যাগ করা, সক ; রহতি গৃহমুদাসীনঃ।

২৪—রহ, চু—প, ত্যাগ করা, সক ; রহয়তি।

৫—রক্ষ, ভ্বা—প, রক্ষা করা, সক ; রক্ষতি মাতা পুত্রম্।

১৩—রা, অদা—প, (অনিট্) দান করা, সক; রাতি।

২—রাথ (ঋ) ভ্বা—প, ১ শোষণ, ২ ভূষণ, ৩ বারণ, সক; ৪ পর্য্যাপ্ত, অক; রাথতি।

৭—রাঘ (ঋ) ভ্বা—আ, শক্তিমান্ হওয়া, অক; রাঘতে রাজা।

১১—রাজ (ঋ) ভা—উ, দীপ্ত হওয়া, অক; রাজতি, রাজতে।

১৫—রাধ, দিবা—প, (অনিট্) সিদ্ধ হওয়া, অক; রাধ্যতি ওদনঃ।

১৭—রাধ, স্বা—প, (অনিট্) অক; ঐ, রাধ্নোতি।

৯—রাস (ঋ) ভ্বা—আ, শব্দ, অক; রাসতে।

১৭—রি, তুদা—প, (অনিট্) গতি, সক, রিয়তি।

২—রিঙ্গ (ই) ভ্বা—প, গতি, সক; রিঙ্গতি।

১৯—রিচ (ইর্) রুধা—উ, (অনিট্) মলত্যাগ, সক; রিণক্তি, রিঙ্‌ক্তে। [রেচয়তি, রেচতি।

২৬—রিচ, চু—প, ১ বিয়োগ, সক; ২ মিলিত হওয়া, অক;

৪—রিন্ব (ই) ভ্বা—প, গতি, সক; রিম্বতি।

১৮—রিফ, তু—প, ১ কথা বলা, ২ নিন্দা, ৩ হিংসা, ৪ দান, সক; ৫ যুদ্ধ, অক; রিফতি।

১৮—রিশ, তুদা—প, (অনিট্) হিংসা করা, সক; রিশতি।

৫—রিষ, ভ্বা—প, হিংসা করা, সক; রেষতি।

১৬—রী, (ঙ) দিবা—আ, (অনিট্) ক্ষরিত হওয়া, অক; রীয়তে পয়ো মাতৃস্তনাৎ। [রিণাতি।

২০—রী, ক্র্যা—প, অনিট্, ১ বাঘের ডাক, অক; ২ গতি, সক;

৯—রু (ঙ) ভ্বা—আ, অনিট্, ১ হিংসা, ২ গতি, সক; রবতে।

১৩—রু, অদা—প, (অনিট্), শব্দ, অক; রৌতি ময়ূরঃ।

৯—রুচ, ভ্বা—আ, দীপ্তি, অক; রোচতে। [জীবঃ।

১৮—রুজ (ঙ) তুদা—প, (অনিট্) পীড়িত হওয়া, অক; রুজতি

২৪—রুজ, চু—প, হিংসা, সক ; রোজয়তি বাজিনং ব্যাঘ্রঃ।
১০—রুট, ভ্বা—আ,শোকাদিতে অভিভূত হওয়া, অক ; রোটতে।
৩—রুঠ, ভ্বা—প, হিংসা, সক ; রোঠতি খলঃ সাধুম্।
১০—রুঠ, ভ্বা—আ,শোকাদিতে অভিভূত হওয়া, অক ; রোঠতে।
১৬—রুদ (ইর্) অদা—প, ক্রন্দন করা, অক ; বালো রোদিতি।
১৩—রুধ (এই ধাতুর অনু উপসর্গপূর্ব্বক প্রয়োগ হয়) দিবা—আ, (অনিট্) অভিলাষ করা, সক ; অনুরুধ্যতে। [রুন্ধে।
১৯—রুধ (ইর্) রুধা—উ, (অনিট্) আচ্ছাদিত করা, সক ; রুণদ্ধি,
৩—রুন্ট (ই) ভ্বা—প, পর্য্যটন করা, সক ; রুণ্টতি।
৩—রুন্ঠ (ই) ভ্বা—প, পর্য্যটন করা, সক ; রুণ্ঠতি।
১৫—রুপ, দিবা—প, মুগ্ধ করা, সক ; রুপ্যতি।
১৮—রুশ, তুদা—প, (অনিট) হিংসা করা, সক ; রুশতি।
৫—রুষ, ভ্বা—প, (ক্ত্বাদৌ বেট্) হিংসা, সক ; রোষতি।
১৫—রুষ, দিবা—প, (ক্ত্বাদৌ বেট্) ক্রুদ্ধ হওয়া, অক ; রুষ্যতি।
২২—রুষ, চু—প, ক্রুদ্ধ হওয়া, অক ; রোষয়তি।
১১—রুহ, ভ্বা—প,(অনিট্) ১ জন্ম,২ প্রাদুর্ভাব, অক ; রোহতি।
২৫—রূপ, চু—প, চিত্র করা, সক ; প্রতিমাং রূপয়তি শিল্পী।
২৫—রূক্ষ [রুক্ষ] চু—প, স্নিগ্ধতাহীন, অক ; রূক্ষয়তি।
৭—রেক (ঋ) ভ্বা—আ, ভয়, অক ; রেকতে।
১২—রেট (ঋ) ভ্বা—উ, চলা, অক, রেটতি, রেটতে।
৯—রেব (ঋ) ঐ, উল্টাইয়া পড়িয়া যাওয়া, অক ; রেবতে।
৮—রেভ (ঋ) ভ্বা—আ, শব্দ, অক ; রেভতে রাসভঃ।
৯—রেষ (ঋ) ঐ, অস্পষ্ট ধ্বনি, অক ; রেষতে।
৬—রৈ, ভ্বা—প, (অনিট্) শব্দ, অক ; রায়তি।
৪—রোড় (ঋ) ভ্বা—প, অনাদর করা, সক ; রোড়তি।

[ল]

২৪—লক, চু—প, আস্বাদন করা, সক, লাকয়তি লড্ডুকং বালঃ।

২১—লক্ষ, চু,—প. ১ দেখা, ২ চিহ্নকরণ, সক; লক্ষয়তি।

২৩—লক্ষ, চু—আ, আলোচনা, সক, লক্ষয়তে।

২—লখ, ভ্বা—প, গমন করা, সক, লখতি।

১০—লগ (এ) ভ্বা—প, ১ ভীতি, ২ মিলন, অক; লগতি।

২—লন্‌গ (ই) ঐ ঐ ঐ লঙ্গতি

২—লন্‌ঘ (ই) ঐ গতি, সক; লঙ্ঘতি।

২—লন্‌ঘ (ই) ঐ শোষণ, অক, লঙ্ঘতি।

৭—লন্‌ঘ (ই) ভ্বা—আ, গতি, সক; লঙ্ঘতে।

২৪—লন্‌ঘ, চু—প, কথন, সক, লঙ্ঘয়তি।

২—লছ,—ভ্বা—প, চিহ্ন করা, সক; লচ্ছতি বৃষং চক্রেণ।

২—লজ, ঐ, তিরস্কার, সক; লজতি।

১৯—লজ (ও, ঈ) তু—আ, লজ্জা, অক; লজতে।

২৫—লজ, চু—প, প্রকাশিত হওয়া, অক; লজয়তি।

২—লন্‌জ (ই) ভ্বা—প, ভর্ৎসন, সক; লঞ্জতি।

৩—লট, ভ্বা—প, ১ কথন, সক, ২ শিশুতা, অক; লটতি।

৩—লড়, ভ্বা—প, বিলাস, অক; লড়তি।

১০—লড়, ভ্বা—প, [মাহুবন্ধ] জিহ্বার উন্মন্থন, অক; লড়য়তি।

২১—লড়, চু—প, অত্যন্ত পালন, সক; লাড়য়তি।

২১—লন্‌ড (ও, ই) চু—প, উৎক্ষেপণ, সক; লণ্ডয়তি তণ্ডুলম্।

৩—লপ, ভ্বা—প, স্পষ্ট বলা, সক, লপতি।

৯—লভ, (ডু, ষ) ভ্বা—আ, (অনিট্) প্রাপ্তি, সক; লভতে।

৮—লন্‌ব (ই) ভ্বা—আ, অবলম্বন, সক; লম্বতে শিশুরহাম্।

২৩—লল, চু—আ, পাইবার ইচ্ছা, সক; লালয়তে ললনা স্বকান্তম্।

১২—লষ, ভ্বা—উ, কান্তি, অক; লষতি, লষতে।

২৩—লষ, চু—প, শিল্পযোগ, অক; লাষয়তি।

৫—লস, ভ্বা—প, ১ ক্রীড়া, ২ আলিঙ্গন, অক; লসতি।

১৯—লস্জ (ঙ, ঈ) তুদা—আ, লজ্জা, অক ; লজ্জতে.

১৩—লাঁ, অদা —প, (অনিট্) দান, সক; লাতি।

২ – লাখ, (ঋ) ভ্বা—প, (রাখৃ দেখ,) লাখতি।

৭—লাঘ (ঋ) ভ্বা—আ, সামর্থ্য, অক; লাঘতে।

২—লাজ, ভ্বা—প, তিরস্কার, সক; লাজতি।

২—লান্ছ (ই) ভ্বা—প, চিহ্নকরণ, সক; লাঞ্ছতি।

২—লান্জ, ঐ ভর্ৎসন, ঐ লাঞ্জতি।

২৫—লাভ, চু—প, প্রেরণ, সক; লাভয়তি।

১৮—লিখ, তুদা—প, লেখন, সক; লিখতি।

১৬—লিশ, দিবা—আ, (অনিট্) অল্পতা, অক; লিশ্যতে।

২—লিন্গ (ঈ) ভ্বা —প, গতি, সক; লিঙ্গতি।

১৭ – লিপ, তুদা,—উ, (অনিট্) উপচয়, অক; লিম্পতি, লিম্পতে।

১৮—লিশ, তুদা—প, (অনিট্) গতি, সক, লিশতি।

১৬—লিশ, দিবা—আ, অল্পতা, অক. লিশ্যতে।

১৪—লিহ, অদা,—উ, (অনিট্) আস্বাদন, সক; লেঢ়ি, লীঢ়ে।

১৬—লী (ঙ) দিবা—আ, (অনিট্) লীন হওয়া, অক, লীয়তে।

২০—লী, ক্র্যাদি – প, (অনিট্) পাওয়া, সক; লিনাতি।

২৬—লী, চু.—প, তরল করা, সক; বিলায়তি।

৩—লুট, ভ্বা —প, লুটিয়া পড়া, অক; লোটতি ভূমৌ ভক্তঃ।

১৯—লুট, ভ্বা—আ, হিংসা সক; লোটতে।

১৫—লুট. দিবা—প, ঐ ঐ লুট্যতি।

২৪—লুট, চু – প, কথন, সক; লোটয়তি।

৩—লুঠ, ভ্বা—প, হিংসা, সক; লোঠতি।
১০—লুঠ, ভ্বা—আ, হিংসা, সক; লোঠতে।
১৮— লুঠ, তু—প, হিংসা, সক; লুঠতি।
১৮—লুড়, তু—প, হিংসা, সক; লুড়তি।
২—লুন্চ, ভ্বা—প, ছেদন, সক; লুঞ্চতি কেশান্ কৌশল্যা।
৩—লুন্ট (ই) ভ্বা—প, চুরি করা, সক; লুণ্ঠতি।
২২—লুণ্ট, চু—প, চুরি করা, সক; লুণ্টয়তি।
৩—লুন্ঠ (ই) ভ্বা—প, ১ আলস্য, ২ প্রতিঘাত, অক; লুণ্ঠতি।
৩—লুম্ব (ই) ভ্বা—প, ১ হিংসা, সক, ২ দুঃখিত হওয়া, অক; লুম্বতি। [লোলুপো মতিম্।
১৫—লুপ, দিবা—প, (অনিট্) ব্যাকুলিত করা, সক; লুপ্যতি
১৩—লুপ (৯) তু—প, ছেদন,(অনিট্) সক; লুম্পতি চম্পকবৃক্ষং মূঢ়ঃ।
১৬—লুভ, দিবা—প, অভিলাষ করা, সক; লুভ্যতি লুব্ধো ধনম্।
১৮—লুভ, তুদা—প, (কাদৌ বেট্) বিমুগ্ধ করা, সক; লুভতি।
৪—লুন্ব (ই) ভ্বা—পীড়িত করা, সক; লুম্বতি।
২২—লুন্ব (ই) চু—প, পীড়িত করা, সক; লুম্বয়তি।
২০—লূ (ঞ) ক্র্যা—উ, ছেদন করা, সক; লুনাতি, লুনীতে।
২২—লূষ, চু—প, হিংসা করা, সক ; লূষয়তি।
৭—লোক (ঋ) ভ্বা—আ, দর্শন করা, সক; লোকতে।
২৪—লোক (ঋ) চু—প, কথন, সক; লোকয়তি।
৭—লোচ (ঋ) ভ্বা—আ, দেখা সক, লোচতে।
২৪—লোচ (ঋ) চু—প, কথন, সক; লোচয়তি।
৪—লোড়—(ঋ) ভ্বা—প, উন্মত্ত করা, সক, লোড়তি প্রমদা মনঃ।
৭—লোষ্ট, ভ্বা—আ, হিংসা, সক; লোষ্টতে।
২০—ল্যী, ক্র্যা—প, পাওয়া (অনিট্) সক; ল্যিনাতি।

[শ]

১৬—শক, দিবা—উ, (অনিট্) শক্ত হওয়া,অক; শক্যতি, শক্যতে।
১৭—শক (৯) স্বা—প, সমর্থ হওয়া, অক; শক্নোতি।
৭—শন্‌ক (ই) ভ্বা—আ, শঙ্কিত হওয়া, অক, শঙ্কতে।
৭—শচ, ভ্বা—আ, স্পষ্টরূপে বলা, সক; শচতে।
৭—শচ, ভ্বা—আ, গতি সক; শচতে। [সক; শটতি।
৩—শট, ভ্বা—প, ১ পীড়া, ২ ভেদ, ৩ অবসাদ, অক; ৪ গতি,
৩—শঠ, ভ্বা—প, ১ বঞ্চনা, ২ হিংসা, সক; ৩ অতিশয় ক্লেশ, অক; শঠতি,
২১শঠ, চু—প, ১ সংস্কার, ২ গতি, সক, শঠয়তি।
২৩—শঠ, চু—আ, গর্ব্ব করা, সক, শাঠয়তে।
২৪—শঠ, চু—প, সম্যকরূপে কথন, সক, শঠয়তি।
১০—শণ, ভ্বা—প, দান করা, সক; শণতি।
৮—শন্‌ড (ই) ভ্বা—আ, রোগ, অক; শণ্ডতে।
১১—শদ (৯) ভ্বা—আ, (অনিট্) পাতিত করা, সক; শীয়তে বৃক্ষাং পত্রং পক্ষী।
১৮—শদ—(৯) তু—আ, (অনিট্) পড়িয়া যাওয়া, অক, শীয়তে।
৫—শন্‌স (উ) ভ্বা—প, ১ স্তুতি করা, ২ হিংসা, সক; শংসতি
৯—শন্‌স (হ) ভ্বা—আ, ইচ্ছা, সক; আশংসতে [আঙ্ উপসর্গ পূর্ব্বকই এই ধাতুর প্রয়োগ হয়]।
১২—শপ, ভ্বা—উ, অভিসম্পাত করা, সক; শপতি, শপতে।
১৬—শপ, দিবা—উ, (অনিট্) ঐ, সক; শপ্যতি, শপ্যতে।
৪—শব, ভ্বা—প, গতি, সক; শবতি শিবা শ্মশানভূমিম্।
২৩—শব্দ, চু—প, ১ কথন, ২ আবিষ্কার, সক, [এই ধাতু উপ

সর্গের উত্তর হইলে পরস্মৈপদ, অন্যত্র আত্মনেপদ হয়) প্রশব্দয়তি' বিশব্দয়তি; শব্দায়তে।

১১—শম, ভ্বা—প, দর্শন শ্রবণ প্রভৃতি, সক; শাময়তি রূপম্, [দর্শন ভিন্ন অর্থে মানুবন্ধ] শময়তি বচনম্।

১৫—শম, (উ) দিবা—প, শান্তি করা, সক; শাম্যতি ভিষগাময়ম্।

২৩—শম, চু—আ, আলোচনা, সক; শাময়তে শাস্ত্রমন্তেবাসী।

২২—শম্ব, চু—প, সম্বন্ধ করা, সক; শম্বয়তি কুটুম্বং জনঃ।

৪—শর্ব্ব, ভ্বা—প, ১ হিংসা, ২ গতি, সক; শর্ব্বতি।

৮—শল, ভ্বা—প, ১ চলন, ২ আচ্ছাদন, সক; শলতি।

১১—শল, ভ্বা—আ, গমন, সক; শলতে শলভো বহ্নিম্।

৮—শল্ভ, ভ্বা—আ, প্রশংসা, সক; শল্ভতে প্রগল্ভ আত্মানম্।

৫—শশ, ভ্বা—প, তাড়াতাড়ি যাওয়া, অক, শশতি শশকঃ।

৫—শস (উ) ভ্বা—প, হিংসা, সক, শসতি মূষিকং শশকঃ।

২—শাখ (ঋ) ভ্বা—প, ব্যাপ্ত হওয়া, অক, শাখতি।

৮—শাড (ঋ) ভ্বা—আ, প্রশংসা করা, সক; শাড়তে।

১২—শান, ভ্বা—উ, তীক্ষ্ণীকরণ, সক, শীশাংসতি, শীশাংসতে।

২৪—শার, চু—প, দৌর্ব্বল্য, অক, শারয়তি।

১৩—শাস (উ) অদা—প, ঐ, সক; শাস্তি।

১৩—শাস [এই ধাতুর আঙ্ উপসর্গের সহিত প্রয়োগ হয়] অদা —আ, ইচ্ছা করা, সক; আশাস্তে।

১৭—শি (ঞ) স্বা—উ, (অনিট্) তীক্ষ্ণীকরণ, সক; শিনোতি, শিনুতে

২—শিন্ঘ (উ) ভ্বা—প, আঘ্রাণ, সক; শিঙ্ঘতি, কুসুমং রসিকঃ।

১৩—শিন্জ (ই) অদা, —আ, অস্ফুট ধ্বনি, অক; শিঙ্‌ক্তে।

৩—শিট, ভ্বা—প, অনাদর করা, সক; শেটতি শঠং সজ্জনঃ।

১৮—শিল, তুদা—প, উঞ্ছবৃত্তি, সক; শিলতি।

৫—শিষ, ভ্বা—প, (অনিট্) হিংসা, সক, শেষতি।

১৯—শিষ (৯) রুধা—প, (অনিট্) বিশেষকরণ, সক; শিনষ্টি শিশুং বিদ্যা।

২৬—শিষ, চু—প, নিঃশেষকরণ, সক; শেষয়তি শাকং ভোক্তা।

৯—শিক্ষ, ভ্বা—আ, বিদ্যাশিক্ষা দেওয়া সক, শিক্ষতে বালক-মধ্যাপকঃ।

১৪—শী (ঙ) অদা—আ, শয়ন, অক; শেতে শয্যায়াং শিশুঃ।

১—শীক (ঋ) ভ্বা—আ, সেচন করা, সক; শীকতে বৃক্ষং বালা।

২৬—শীক, চু—প, পীড়িত করা, সক; শীকয়তি, শীকতে।

৮—শীভ (ঋ) ভ্বা—আ, শ্লাঘা, অক; শীভতে।

৪—শীল, ভ্বা—প, চিত্তের একাগ্রতা, অক; শীলতি সাধুস্তপসি

২৪—শীল, চু—প, ধারণ, সক; শীলয়তি নীলনিচোলং বালা।

৬—শু, ভ্বা—প, (অনিট্) গতি, সক; শবতি।

২—শুক, ভ্বা—প, গতি, সক; শোকতি বক; সরোবরম্।

২—শুচ, ভ্বা—প, দুঃখানুভব, অক; বত কিং শোচতি ভবান্।

১৬—শুচ (ঈ, ইর্) দিবা—উ, পবিত্র ভাব, অক, শুচ্যতি, শুচ্যতে।

৪—শুচ্য (ঈ) ভ্বা—প, ১ স্নান, অক; ২ মন্থন, ৩ পীড়ন, ৪ মিলিত করণ, সক; শুচ্যতি। [সেতুনা লোকঃ।

৩—শুঠ, ভ্বা—প, গতির বাধা দেওয়া, অক; শোঠতি পদ্মঃ

২২—শুঠ, চু—প, অলস হওয়া, অক, শোঠয়তি।

৩—শুন্ঠ (ই) ভ্বা—প, শুকাইয়া যাওয়া, অক; শুণ্ঠতি শুণ্ঠী।

২২—শুন্ঠ (ই) চু—প, শুষ্ক করা, সক; শুণ্ঠয়তি কাষ্ঠমাতপঃ।

১৫—শুধ, দিবা—প, (অনিট্) পবিত্র হওয়া, অক; শুধ্যতি তপসা চেতঃ।

১৮—শুন, তুদা—প, গতি, সক; শুনতি।

১—শুন্ধ, ভ্বা—প, শুদ্ধ হওয়া, অক; শুন্ধতি জনঃ শুচিস্পর্শেন।
১৬—শুন্ধ, চু—আ, ঐ, ঐ শুন্ধয়তে।
৩—শুন্‌ভ, ভ্বা—প, ১ কথন, ২ হিংসা, সক, শুম্ভতি।
১৮—শুন্‌ভ. তুদা—প, শোভা, অক; শুম্ভতি সভা।
৩—শুভ, ভ্বা—প, ১ কথন, ২ হিংসা, সক; শোভতি।
৯—শুভ, ভ্বা—আ, দীপ্ত হওয়া, অক, শোভতে শশী নভসি।
১৮—শুভ, তুদা—প, শোভিত হওয়া, অক; শুভতি।
২২—শুল্ব, চু—প, সৃষ্টি করা, সক; শুল্বয়তি ধরাং ধাতা।
১৫—শুষ, দিবা—প, (অনিট্) শুষ্ক হওয়া, অক; শুষ্যতি রসঃ।
১৬—শূর (ঈ) দিবা—আ, ১ হিংসা, সক; ২ জড়ভাব, অক; শূর্যতে।
২৫—শূর, চু—প, বীর—বিক্রম, অক; শূরয়তে।
২২—শূর্প, চু—প, পরিমাণ করা, সক, শূর্পয়তি।
৪—শূল, ভ্বা—প, রোগ, অক; শূলতি।
